# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 03, 1432 Bangla, March 17, 2026, Tuesday, No. 76, 56th year


# H I G H L I G H T S

PM Tarique Rahman has inaugurated a nationwide canal excavation and re-excavation programme by cutting soil with a spade at Sahapara canal in Kaharol upazila of Dinajpur. [BBC: 03]

Govt. is making every effort to return those arrested in India in connection with the murder of Inqilab Manch spokesman Sharif Osman Hadi --- said State Minister for Foreign Affairs Shama Obaid Islam. [Jago FM: 15]

The lottery system for admissions to Classes 1 through 9 in public and private schools is being scrapped, --- announced education Minister ANM Ehsanul Haque Milon. [Jago FM: 13]

As part of implementation of election manifesto, government has allocated approximately 1,567 crore 96 lakh taka for the repayment of principal and interest on agricultural loans up to Tk 10,000.[Jago FM: 13]

Nine rights organisations including Human Rights Watch, have urged the newly elected govt led by Tarique Rahman to prioritise human rights protections & strengthen accountability in Bangladesh. [BBC: 04]

NCP convener and opposition chief whip Md Nahid Islam has alleged that the government has started walking on the old path and has taken a clear stand against reforms. [Jago FM: 16]

Police have filed a case against around 700 unidentified individuals over the attack, vandalism and looting of the Uttara Square shopping mall in the capital's Uttara area. [Jago FM: 15]

The escalation of US-Israel war on Iran has severely impacted BD's export sector, with the closure of the Strait of Hormuz stranding over 1,000 export containers destined for the Middle East. [Jago FM: 15]

China has called for an immediate end to military operations following US President Donald Trump's call to join other countries, including Beijing, to help keep Strait of Hormuz open for int'l transport. [BBC: 08]

British PM Keir Starmer said he is working with allies to develop a "viable plan" to reopen the Strait of Hormuz as the conflict in the Middle East continues. [BBC: 07]

At least 10 people have been killed after a fire broke out in the trauma centre of a government hospital in the eastern Indian state of Odisha. [BBC: 09]


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ০৩, বাংলা ১৪৩২, মার্চ ১৭, ২০২৬, মঙ্গলবার, নং- ৭৬, ৫৬তম বছর**

# শিরোনাম

দিনাজপুরের কাহারোল উপজেলায় সাহাপাড়া খাল পুনঃখনন শুরু করে সারাদেশের ৫৪ জেলায় একযোগে এই কর্মসূচির উদ্‌বোধন করেছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। [বিবিসি: ০৩]

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি হত্যার ঘটনায় ভারতে গ্রেফতারদের ফেরাতে সরকার সব ধরনের চেষ্টা করছে --- জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। [জাগো এফএম: ১৫]

দেশের সরকারি-বেসরকারি স্কুলের প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির ক্ষেত্রে আর লটারি পদ্ধতি থাকছে না ---- জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। [জাগো এফএম: ১৩]

নির্বাচনি ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে অনূর্ধ্ব ১০ হাজার টাকার কৃষিঋণের আসল ও সুদ পরিশোধে ১ হাজার ৫৬৭ কোটি ৯৬ লাখ ৩৩ হাজার ৪৮০ টাকা বরাদ্দ দিয়েছে সরকার। [জাগো এফএম: ১৩]

হিউম্যান রাইটস ওয়াচসহ নয়টি মানবাধিকার সংস্থা তারেক রহমানের নেতৃত্বাধীন নবনির্বাচিত সরকারকে বাংলাদেশে মানবাধিকার সুরক্ষাকে অগ্রাধিকার দিতে এবং জবাবদিহিতা জোরদার করার আহ্বান জানিয়েছে। [বিবিসি: ০৪]

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম অভিযোগ করে বলেছেন, সরকার পুরোনো পথে হাঁটতে শুরু করেছে। সংস্কারের বিপক্ষে স্পষ্ট অবস্থান নিয়েছে। [জাগো এফএম: ১৬]

রাজধানীর উত্তরায় রিকশা চালককে মারধরের অভিযোগে 'উত্তরা স্কয়ার' শপিং কমপ্লেক্সে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনায় পুলিশ মামলা করেছে। এতে আসামি করা হয়েছে অজ্ঞাত পরিচয় ৭০০ জনকে। [জাগো এফএম: ১৫]

ইরান যুদ্ধের প্রভাব পড়তে শুরু করেছে বাংলাদেশের রপ্তানি খাতে। হরমুজ প্রণালি বন্ধ থাকায় যুদ্ধ শুরুর আগে পাঠানো প্রায় এক হাজারের মতো রপ্তানি পণ্যবাহী কনটেইনার আটকে আছে ট্রান্সশিপমেন্ট বন্দরগুলোতে। [জাগো এফএম: ১৫]

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মন্তব্যের পর অবিলম্বে সামরিক অভিযান বন্ধের আহ্বান জানিয়েছে চীন। [বিবিসি: ০৮]

ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার জানিয়েছেন, হরমুজ প্রণালি পুনরায় খোলার জন্য একটি কার্যকর পরিকল্পনা করতে মিত্রদের সাথে কাজ করছে যুক্তরাজ্য। [বিবিসি: ০৭]

ভারতের ওড়িশা রাজ্যের একটি হাসপাতালে আগুন লেগে এখনও পর্যন্ত ১০ জনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। [বিবিসি: ০৯]

# বিবিসি

## খাল খনন কর্মসূচির উদ্‌বোধন করলেন তারেক রহমান

বাংলাদেশের উত্তরে দিনাজপুরের কাহারোল উপজেলায় সাহাপাড়া খাল পুনঃখনন কাজের উদ্‌বোধন করেছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। তিনি আজ সোমবার যে খাল পুনঃখনন শুরু করে সারাদেশের ৫৪ জেলায় একযোগে এই কর্মসূচির উদ্‌বোধন করলেন, প্রায় পাঁচ দশক আগে দিনাজপুরের সাহাপাড়ার ওই খালটি খনন করেছিলেন তার বাবা ও প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান। তারেক রহমানের নেতৃত্বে বিএনপির এই নতুন সরকারের নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী আগামী পাঁচ বছরে সারাদেশে ২০ হাজার কিলোমিটার নদী, নালা, খাল ও জলাধার খনন ও পুনঃখননের পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, এ কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে জলাবদ্ধতা নিরসন, সেচব্যবস্থার উন্নয়ন এবং কৃষি উৎপাদন বাড়াতে সহায়ক হবে। সোমবার কর্মসূচির উদ্‌বোধন করার আগে, সকালে প্রধানমন্ত্রী তারেক রহমান বিমানযোগে ঢাকা থেকে সৈয়দপুর বিমানবন্দরে পৌঁছান। সেখান থেকে সড়কপথে দিনাজপুরের কাহারোল উপজেলার সাহাপাড়ায় অনুষ্ঠানস্থলে যান।
(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ইরানের ক্ষেপণাস্ত্র আর ড্রোন আরব আমিরাতের দিকে, সাময়িকভাবে বন্ধ দুবাই বিমানবন্দর

সংযুক্ত আরব আমিরাতের প্রতিরক্ষা মন্ত্রণালয় স্থানীয় সময় সকাল ৯টায় (বাংলাদেশ সময় বেলা ১১টা) জানিয়েছে যে, দেশটির আকাশ-প্রতিরোধী ব্যবস্থা এখন ইরান থেকে উড়ে আসা ক্ষেপণাস্ত্র আর ড্রোনের হুমকি মোকাবিলা করছে। তবে ওই হুমকি সম্বন্ধে আর কিছু জানানো হয়নি। অবশ্য বলা হচ্ছে যে, সংযুক্ত আরব আমিরাতে যে আওয়াজ শোনা যাচ্ছে, তা আসলে ক্ষেপণাস্ত্র আর ড্রোনগুলিকে সেদেশের আকাশ-প্রতিরোধী ব্যবস্থা 'ইন্টারসেপ্ট' করার শব্দ। এর আগে, দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান চলাচল সাময়িকভাবে স্থগিত রাখার কথা জানিয়েছে সেখানকার কর্তৃপক্ষ। সোমবার ভোরে বিমানবন্দরের কাছেই একটি ড্রোনের আঘাতে জ্বালানি ট্যাংকে আগুন ধরে যায় বলে বিবিসি নিউজ জানিয়েছে। ওই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। ওই পোস্ট দেওয়ার কিছুক্ষণ পরে বিমানবন্দর কর্তৃপক্ষ জানায় যে, আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান চলাচল সাময়িকভাবে বন্ধ করা হচ্ছে। তবে, "সব যাত্রী ও কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতেই এই সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে। যাত্রীদের জানানো হয়েছে যে, সর্বশেষ পরিস্থিতি জানতে তারা যেন তাদের সংশ্লিষ্ট বিমান সংস্থার সঙ্গে যোগাযোগ করেন। বিবিসি নিউজ জানাচ্ছে যে, কিছু বিমানকে দুবাইয়েরই আরেকটি আন্তর্জাতিক বিমানবন্দর- আল মাখতুম আন্তর্জাতিক বিমানবন্দরে ঘুরিয়ে দেওয়া হয়েছে। এমিরেটস জানিয়েছে, তারা স্থানীয় সময় সকাল ১০টার (বাংলাদেশ সময় দুপুর ১২টা) পরে সীমিতভাবে তাদের পরিষেবা শুরু করবে, তবে অন্য অনেক ফ্লাইট বাতিল করেছে তারা। দুবাইতে এক বিমানযাত্রীর সঙ্গে কথা বলেছে বিবিসি। তিনি জানিয়েছেন যে, তারা এখনও বিমানবন্দরেই আটকে আছেন। বিবিসির কাছেই তিনি প্রথম জানতে পারেন আগুন লাগার বিষয়টা। তিনি বলেন যে প্রায় ৪০ মিনিট বিমানের ভেতরেই অপেক্ষা করার পরে বিমানের পাইলট ঘোষণা করেন যে, 'একটি নিরাপত্তার ঘটনা হয়েছে" এবং "আকাশপথ বন্ধ করে দেওয়া হয়েছে।" তবে যাত্রীদের যে বিশদে ঘটনাটি সম্পর্কে জানানো হয়নি, সেটা ভালই হয়েছে, "না হলে গোটা বিমানবন্দরে আতঙ্ক সৃষ্টি হতো।"(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ভর্তির ক্ষেত্রে আগামী বছর থেকে থাকছে না লটারি পদ্ধতি : শিক্ষামন্ত্রী

প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত আগামী বছর থেকে ভর্তির ক্ষেত্রে লটারি পদ্ধতি থাকছে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলন। সরকারি-বেসরকারি সকল স্কুলের জন্য এই সিদ্ধান্ত বলে জানান তিনি। আগামী বছর থেকে লিখিত পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করানো হবে বলে জানান তিনি। সোমবার দুপুরে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। অংশীদারদের সাথে আলোচনার ভিত্তিতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে উল্লেখ করে তিনি বলেন, "ক্লাস ওয়ানে মেধা যাচাই করার প্রশ্ন আসে না।" এই সিদ্ধান্তের ফলে আবার কোচিং বাণিজ্য শুরু হবে কিনা সাংবাদিকদের এমন প্রশ্নে তিনি তা নাকচ করে দেন। মি. মিলন বলেন, "আমরা এমন কোনো মেধার পরীক্ষা নিতে যাব না। প্রাথমিক পর্যায়ে আমরা তাদের পরীক্ষা নেব।" এই সংবাদ সম্মেলনে শিক্ষা খাতের নানা বিষয়ে নেওয়া সিদ্ধান্তের কথা জানান শিক্ষামন্ত্রী। শিক্ষামন্ত্রী জানান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান হিসেবে ঢাবির অধ্যাপক ড. মামুন আহমেদকে নিয়োগ দিয়েছে সরকার। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সাত বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ দেওয়ার কথাও জানান তিনি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে অধ্যাপক মোহাম্মদ এবিএম ওবায়দুল ইসলাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক ড. রইসউদ্দিন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে অধ্যাপক মোহাম্মদ সিদ্দিকুর রহমান খানকে সরকার নিয়োগ দিয়েছে বলে জানান শিক্ষামন্ত্রী। এছাড়া, ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটিতে অধ্যাপক মোহাম্মদ নুরুল ইসলাম, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক মোহাম্মদ মাসুদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মোহাম্মদ আল ফোরকান এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক ফরিদুল ইসলামকে উপাচার্য হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। (বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## র‍্যাব, সিআইডি ও এসবির শীর্ষপদে পরিবর্তন

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), পুলিশের স্পেশাল ব্রাঞ্চ (এসবি) ও অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি)- পুলিশের এই বিশেষ তিনটি ইউনিটের শীর্ষপদে রদবদল করেছে সরকার। র‍্যাবের মহাপরিচালকের পদে দায়িত্ব দেওয়া হয়েছে আহসান হাবীব পলাশকে। তিনি পুলিশের চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। পুলিশ অধিদপ্তরের অতিরিক্ত আইজি সরদার নুরুল আমিনকে বিশেষ শাখার বা এসবির প্রধান হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। একইসঙ্গে, পুলিশের অতিরিক্ত আইজিপি মোসলেহ উদ্দিন আহমেদকে সিআইডি প্রধান করা হয়েছে। এসব রদবদলের ব্যাপারে আজ সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## মানবাধিকারকে অগ্রাধিকার দিতে নতুন সরকারের প্রতি ৯ সংগঠনের আহ্বান

বাংলাদেশের নতুন সরকারকে মানবাধিকার সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছে হিউম্যান রাইটস ওয়াচসহ নয়টি মানবাধিকার সংগঠন। সোমবার প্রকাশিত এক চিঠিতে তারা প্রধানমন্ত্রী তারেক রহমানকে এ বিষয়ে পদক্ষেপ নিতে বলেন। লন্ডন থেকে প্রকাশিত বিবৃতিতে বলা হয়, চলতি বছরের ফেব্রুয়ারিতে অন্তর্বর্তী সরকারের অধীনে অনুষ্ঠিত নির্বাচনে বড়ো ব্যবধানে জয়ের পর তারেক রহমান প্রধানমন্ত্রী হয়েছেন। সংগঠনগুলো বলছে, শেখ হাসিনার সময় জোরপূর্বক গুম ও বিচারবহির্ভূত হত্যার মতো মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটেছিল। তবে, অন্তর্বর্তী সরকারের সময়েও রাজনৈতিক প্রতিপক্ষদের অবাধে আটক করা হয়েছে এবং সাংবাদিক ও ধর্মীয় সংখ্যালঘুদের বিরুদ্ধে সহিংসতা তখনও বন্ধ করা যায়নি। চিঠিতে ইচ্ছেমতো আটক বন্ধ করা, অতীতের মানবাধিকার লঙ্ঘনকারীদেরকে জবাবদিহির আওতায় আনা, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন বিলুপ্ত করা, সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত করা এবং রোহিঙ্গা শরণার্থীদের অধিকার রক্ষার আহ্বান জানানো হয়েছে। পাশাপাশি, একটি শক্তিশালী ও স্বাধীন জাতীয় মানবাধিকার কমিশন গঠনের কথাও বলা হয়েছে।"(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## সিটি ও জেলা পরিষদ কি বিএনপি নেতাদের পুনর্বাসন কেন্দ্রে পরিণত হলো

বাংলাদেশের সিটি করপোরেশনের পর ৪২টি জেলা পরিষদেও দলীয় নেতাদের প্রশাসক হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। এই সিদ্ধান্ত সারাদেশে বিএনপি নেতা-কর্মীদের উল্লসিত করলেও প্রশ্ন উঠছে যে, স্থানীয় সরকারের এসব প্রতিষ্ঠান বিএনপি নেতাদের 'পুনর্বাসন কেন্দ্রে' পরিণত হল কি-না। সরকারের দিক থেকে অবশ্য বলা হয়েছে, অকার্যকর স্থানীয় সরকারকে সচল করার জন্য সিটি করপোরেশনে রাজনৈতিক প্রশাসক বসানো হয়েছে। একই সাথে জনগণের সঙ্গে সম্পৃক্ত থাকায় সরকারি কর্মকর্তাদের চেয়ে রাজনৈতিক প্রশাসকরা সিটি করপোরেশনে ভালো কাজ করতে পারবেন। বিশেষজ্ঞরা বলছেন, প্রশাসক পদেও সরকারি কর্মকর্তাদের চেয়ে রাজনৈতিক নেতারা 'বেটার চয়েজ' কিন্তু দলীয় নেতাদের প্রশাসক করার মাধ্যমে স্থানীয় সরকার নির্বাচন বিলম্বিত হওয়ার এবং এসব প্রতিষ্ঠানে দলীয় কর্তৃত্ব স্থাপনের একটি চেষ্টার ইঙ্গিত পাওয়া যাচ্ছে বলে আশঙ্কা তাদের। সরকার ইতোমধ্যেই দেশের সব সিটি করপোরেশন থেকে সরকারি কর্মকর্তাদের সরিয়ে বিএনপি নেতাদের প্রশাসক হিসেবে নিয়োগ দিয়েছে। এসব নেতাদের কেউ কেউ সংসদ নির্বাচনে দলীয় প্রার্থী হয়েও হেরে গেছেন কিংবা আবার কেউ কেউ তখন দলীয় মনোনয়ন পাননি। সর্বশেষ রোববার দেশের ৪২টি জেলা পরিষদের দলীয় নেতাদের প্রশাসক হিসেবে নিয়োগ দিয়ে সরকার আশা প্রকাশ করেছে যে, নতুন প্রশাসক নিয়োগের ফলে জেলা পরিষদসমূহের প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল, স্বচ্ছ ও কার্যকর হবে। যদিও, স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর গত ১৮ ফেব্রুয়ারি মন্ত্রী হিসেবে তার প্রথম কর্মদিবসেই এক সংবাদ সম্মেলনে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতে যত দ্রুত সম্ভব নির্বাচনের কথা বলেছিলেন। প্রসঙ্গত, বর্তমানে সারাদেশে ১২টি সিটি করপোরেশন, ৩৩০টি পৌরসভা, ৬৪টি জেলা পরিষদ, ৪৯৫টি উপজেলা পরিষদ এবং প্রায় ৪ হাজার ৫৭০টি ইউনিয়ন পরিষদ রয়েছে।

### সিটি ও জেলায় দলীয় নেতারা

বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ সরকারের পতনের পর দেশের সব সিটি করপোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভা মেয়রদের অপসারণ করেছিল অন্তর্বর্তী সরকার। তখন এসব প্রতিষ্ঠানের শীর্ষ পদে অধিকাংশই ছিলেন আওয়ামী লীগের নেতারা। শেখ হাসিনা সরকারের পতনের পর তাদের বেশিরভাগই আত্মগোপনে যান এবং অনেকে আটক হন। এমন পরিস্থিতিতে সিটি করপোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভায় প্রশাসক দেওয়া হয়। উপজেলা ও পৌরসভায় এখনো সরকারি কর্মকর্তারাই প্রশাসকের দায়িত্ব পালন করছেন। সংসদ নির্বাচনের পর তারেক রহমানের নেতৃত্বে বিএনপি সরকার গঠন করে গত ১৭ ফেব্রুয়ারি এবং এর এক সপ্তাহের মধ্যেই ঢাকা উত্তর ও দক্ষিণ সিটিসহ দেশের ছয়টি সিটি করপোরেশনে সরকারি কর্মকর্তাদের সরিয়ে দলীয় নেতাদের নতুন প্রশাসক নিয়োগ দেওয়া হয়। সরকারের প্রজ্ঞাপনে বলা হয়েছে, সিটি করপোরেশন আইন অনুযায়ী, করপোরেশন গঠিত না হওয়া পর্যন্ত বা তাদের সিটি করপোরেশনগুলোতে পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। এর মধ্যে ঢাকা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) নতুন প্রশাসক করা হয় বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা পরিষদের সদস্য আবদুস সালামকে। আবার ঢাকার ঢাকা উত্তর সিটি করপোরেশনে প্রশাসক করা হয় ঢাকা-

১৫ আসনে নির্বাচন করে হেরে যাওয়া বিএনপি নেতা শফিকুল ইসলাম খানকে। খুলনায় প্রশাসক করা হয়েছে সংসদ নির্বাচনে হেরে যাওয়া বিএনপির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জুকে।

গাজীপুরে প্রশাসক করা হয়েছে গাজীপুর মহানগর বিএনপি সভাপতি শওকত হোসেন সরকারকে। নারায়ণগঞ্জ মহানগর বিএনপির সিনিয়র সহ-সভাপতি সাখাওয়াত হোসেনকে নারায়ণগঞ্জ এবং সিলেট জেলা বিএনপির সভাপতি আবদুল কাইয়ুম চৌধুরীকে সিলেট সিটি করপোরেশনের প্রশাসক করা হয়েছে। তখন রাজনৈতিক নেতাদের প্রশাসক করার ব্যাখ্যা দিয়ে স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম সাংবাদিকদের বলেছিলেন, "জনগণের সঙ্গে সম্পৃক্ত থাকায় সরকারি কর্মকর্তাদের চেয়ে রাজনৈতিক প্রশাসকরা সিটি করপোরেশনে ভালো কাজ করতে পারবেন। তাই অকার্যকর স্থানীয় সরকারকে সচল করার জন্য সিটি করপোরেশনে রাজনৈতিক প্রশাসক বসানো হয়েছে।" এতে বিএনপির বরিশাল বিভাগীয় সাংগঠনিক সম্পাদক বিলকিস আক্তার জাহান, রাজশাহী মহানগর বিএনপির সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান, ময়মনসিংহ দক্ষিণ জেলা বিএনপির সদস্য সচিব রুকুনোজ্জামান রোকন, রংপুর মহানগর বিএনপির সদস্য সচিব মাহফুজ উন নবী চৌধুরী, কুমিল্লা মহানগর বিএনপির সাধারণ সম্পাদক ইউসুফ মোল্লা নিজ নিজ সিটি করপোরেশনের প্রশাসক হিসেবে নিয়োগ পেয়েছেন। এর আগে, ২০২৪ সালের অক্টোবরে আদালতের রায়ের মাধ্যমে চট্টগ্রাম সিটির মেয়রের দায়িত্ব নিয়েছিলেন চট্টগ্রামের বিএনপি নেতা ও দলের নগর শাখার সাবেক আহ্বায়ক শাহাদাত হোসেন। সিটি করপোরেশনের প্রশাসকদের নিয়ে আলোচনার মধ্যেই গত রোববার সরকার এক প্রজ্ঞাপনে ৪২টি জেলা পরিষদে নতুন প্রশাসক নিয়োগ দেয়। যারা নিয়োগ পেয়েছেন তারা সবাই নিজ নিজ জেলায় বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতা।

অন্তর্বর্তী সরকারের সময়ে গঠিত স্থানীয় সরকার কমিশনের সদস্য ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক তারিকুল ইসলাম বলছেন, স্থানীয় সরকার কার্যকরে নির্বাচিত জনপ্রতিনিধিই সবচেয়ে বেশি প্রয়োজন, তবে প্রশাসক হিসেবে সরকারি কর্মকর্তাদের চেয়ে রাজনৈতিক নেতারা বেশি কার্যকর হবেন বলে মনে করেন তিনি। "সংসদে সংস্কার প্রস্তাবগুলো পাস করে দ্রুত নির্বাচন দেওয়া উচিত। সেটি যতক্ষণ না হয়, ততক্ষণ রাজনৈতিক প্রশাসকরাই ভালো হবেন, কারণ সরকারি কর্মকর্তারা অতিরিক্ত দায়িত্ব হিসেবে স্থানীয় সরকারে কাজ করতে পারছিলেন না। ফলে সব স্থবির হয়ে পড়েছিল," বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

**দলীয় নেতাদের পুনর্বাসন?**

অন্তর্বর্তী সরকারের সময়ে গঠিত স্থানীয় সরকার কমিশন তাদের রিপোর্টে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতে নির্দলীয় নির্বাচন ও সরাসরি নির্বাচনের ওপর জোর দিয়েছিল। এজন্য তারা বেশ কিছু সংস্কার প্রস্তাবও করেছিল। ওই কমিশনের একজন সদস্য ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কাজী মারুফুল ইসলাম। বিবিসি বাংলাকে তিনি বলেছেন, কমিশনের রিপোর্টে তারা দেশের সব স্থানীয় সরকার প্রতিষ্ঠানে জনগণের সরাসরি ভোটে প্রতিনিধি নির্বাচনের কথা বলেছিলেন। "কমিশনের সুপারিশের স্থানীয় সরকারে দলীয় প্রতীকে নির্বাচন না করতে বলা হয়েছিল এবং এর উদ্দেশ্য ছিল দলীয় রাজনীতির প্রভাব কমিয়ে জনগণের অংশীদারিত্ব বাড়ানো। পাশাপাশি সংসদীয় পদ্ধতির আদলে নির্বাচিত সদস্যরা তাদের মধ্যে একজনকে চেয়ারম্যান নির্বাচিত করুক- এমন সুপারিশ করা হয়েছিল," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। তখন সরকারের দিক থেকে কয়েকটি অধ্যাদেশও জারি করা হয়েছে স্থানীয় সরকার প্রতিষ্ঠান নিয়ে, যা সরকারের পক্ষে আইনমন্ত্রী সংসদে উপস্থাপন করেছে অধিবেশনের প্রথম দিনেই। অনেকের ধারণা ছিল সংসদ নির্বাচনের পর নতুন সরকার এসেই স্থানীয় সরকার নির্বাচনের জন্য জোরালো পদক্ষেপ নেবে। এখন দলীয় নেতাদের প্রশাসক করায় নির্বাচন সহসাই হচ্ছে কি-না সেই শঙ্কাও তৈরি হয়েছে। যদিও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর গত ২৭ ফেব্রুয়ারি তার ভেরিফায়েড ফেসবুক পাতায় লিখেছেন, "জনগণের সর্বোচ্চ সেবা নিশ্চিত করতেই সরকারি কর্মকর্তাদের পরিবর্তে রাজনৈতিক ব্যক্তিদের প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হচ্ছে।" চট্টগ্রাম ছাড়া কোনো সিটি করপোরেশনে নির্বাচিত প্রতিনিধি নেই।

যদিও সিটি করপোরেশনগুলোতে প্রশাসক নিয়োগ হলেও কাউন্সিলর না থাকায় জনসেবা বিঘ্নিত হওয়ার অভিযোগ রয়েছে। মূলত নির্বাচন না হওয়ায় এ সংকট তৈরি হয়েছে বলে মনে করেন বিশেষজ্ঞরা। আবার যাদের প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে তাদের কেউ কেউ গত সংসদ নির্বাচনে বিএনপির প্রার্থী হিসেবে অংশ নিয়ে হেরে গেছেন, আবার কেউ কেউ দলীয় মনোনয়ন চেয়েও পাননি। ফলে প্রশাসক নিয়োগের মাধ্যমে কাউকে 'সান্ত্বনা' আবার কাউকে 'পুরস্কার' দেওয়া হয়েছে- এমন আলোচনাও আছে রাজনৈতিক অঙ্গনে। ইনস্টিটিউট ফর প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট (আইপিডি) প্রশাসক দিয়ে নগরের টেকসই উন্নয়ন সম্ভব নয় উল্লেখ করে দ্রুত সিটি করপোরেশন ও পৌরসভা নির্বাচন দেওয়ার আহ্বান জানিয়েছে। আইপিডির নির্বাহী পরিচালক ও নগর বিশেষজ্ঞ আদিল মুহাম্মদ খান বিবিসি বাংলাকে বলেছেন, "সরকারের উচিত ছিল নির্বাচন আয়োজনে অগ্রাধিকার দেওয়া। কিন্তু সেটি না করে যা করা হয়েছে সেটি হলো- দলীয় নেতাদের পুনর্বাসন। নির্বাচনের উদ্যোগ না নিয়ে দলীয় নেতাদের প্রশাসক নিয়োগ ভালো ইঙ্গিত দেয় না।" এসব প্রশাসকরা পরে নির্বাচন হলেও তাতেও প্রভাব বিস্তার করবেন বলে আশঙ্কা প্রকাশ করে মি. খান বলেন, "প্রশাসক নিয়োগটা হলো একটা কুপ্রথা। নির্বাচিত জনপ্রতিনিধি ছাড়া এ ধরনের প্রতিষ্ঠান কার্যকর থাকে না এবং এগুলো তখন আর জনগণের কাছে দায়বদ্ধও থাকে না। ফলে জনগণ প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত হয়। ছয়

সিটি করপোরেশনে বিএনপি নেতাদের প্রশাসক হিসেবে নিয়োগের পর এর তীব্র প্রতিবাদ জানিয়েছিল সংসদের বিরোধী দল জামায়াতে ইসলামী। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার তখন এক বিবৃতিতে বলেছিলেন, দলীয় পদধারীদের প্রশাসক হিসেবে নিয়োগ গণতান্ত্রিক আকাঙ্ক্ষার পরিপন্থি। নির্বাচন পিছিয়ে দেওয়ার ষড়যন্ত্র এবং পাতানো নির্বাচনের প্রথম ধাপ। (বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## দুবাই বিমানবন্দরের কাছে ড্রোন হামলার পর এখন পরিস্থিতি কেমন, কী বলছেন বাসিন্দারা

"আমার বাড়ি দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দশ মিনিট দূরে। বাবা-মা বারবার ফোন করে জানতে চাইছেন ঠিক আছি কি না।" "আমি তাদের আশ্বস্ত করেছি যে, আমরা নিরাপদ অবস্থায় আছি। পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। চিন্তার কিছু নেই," বিবিসি বাংলাকে বলছিলেন পেশায় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দীক্ষিত জৈন। ভারতের এই বাসিন্দা কর্মসূত্রে গত ১৩ বছর ধরে দুবাইয়ে রয়েছেন। সোমবার সকালে দুবাইয়ের আন্তর্জাতিক বিমানবন্দরের কাছে একটা ড্রোন এসে তেলের ট্যাংকে আঘাত করে। মুহূর্তে আগুন লেগে যায়। দুবাই সিভিল ডিফেন্স টিম দ্রুত আগুন নেভানোর কাজে হাত দেয়। দুবাই মিডিয়া অফিসের তরফে তেলের ট্যাংকে ড্রোনের আঘাতের কথা নিশ্চিত করে জানানো হয়, ওই হামলা প্রতিহত করা সম্ভব হয়েছে। ওই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। কিছুক্ষণের মধ্যেই দুবাই সিভিল অ্যাভিয়েশন অথরিটি সামাজিক যোগাযোগ মাধ্যমে জানায় নিরাপত্তার কথা মাথায় রেখে দুবাইয়ের আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান চলাচল সাময়িকভাবে বন্ধ করা হচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে কর্তৃপক্ষ জানায়, "সমস্ত যাত্রী ও কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতেই এই সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে।"

বিশ্বের অন্যতম ব্যস্ততম আন্তর্জাতিক বিমানবন্দর বন্ধ হয়ে যাওয়ায় ভারত, বাংলাদেশসহ প্রায় সব দেশ থেকেই দুবাইয়ের ফ্লাইট চলাচলে বিঘ্ন ঘটে। মধ্যপ্রাচ্যে যাওয়ার জন্য যেমন দুবাই বিমানবন্দর অতিগুরুত্বপূর্ণ, তেমনই পশ্চিমা দেশগুলির বহু বিমানও দুবাই হয়েই যায়। এর ফলে বিশ্বব্যাপীই বিমান চলাচল বিঘ্নিত হচ্ছে। বিমান সংস্থাগুলির দফতরে যেমন বহু যাত্রী ফোন করছেন বা টুইট করছেন, তেমনই কলকাতা বিমানবন্দর কর্তৃপক্ষের কাছেও অনেকে ফোন করছেন। উপসাগরীয় দেশগুলোয় মার্কিন স্থাপনা নিশানা করে ইরান হামলা শুরু করার পর থেকে এই নিয়ে তৃতীয়বার দুবাই বিমানবন্দরের কাছে এমন ঘটনার কথা জানা গিয়েছে। বিশ্বের অন্যতম ব্যস্ত আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন অঞ্চলে এই ঘটনা দিন কয়েক আগের স্মৃতি উস্কে দিয়েছে নেহাল আহমেদের। সম্প্রতি দুবাই থেকে কলকাতা ফিরেছেন তিনি। মি. আহমেদ বলেছেন, "আমরা যেদিন দুবাই থেকে ফিরছিলাম, তখনও একই ঘটনা ঘটে। এয়ারপোর্টের কাছেই বিস্ফোরণের আওয়াজ শুনতে পাই। কুণ্ডলী পাকানো ধোঁয়া দেখে খুব ভয় পেয়েছিলাম।" "সবাই এক জায়গায় জড়ো হয়ে প্রমাদ গুনছিলাম। আজকের পরিস্থিতির কথা শুনে সেদিনের কথা মনে পড়ে যাচ্ছে," বলছিলেন নেহাল আহমেদ। কর্মসূত্রে দুবাই গিয়েছিলেন তিনি।

### 'জানি না কী হবে'

ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ বিশ্বব্যাপী বিমান চলাচলকেও প্রভাবিত করেছে। ক্ষেপণাস্ত্র এবং ড্রোন হামলার আশঙ্কায় মধ্যপ্রাচ্যের অনেক দেশ তাদের আকাশসীমা বন্ধ করেছে। এদিকে চলমান হামলার কথা মাথায় রেখে সংঘাতের আবহে থাকা বিভিন্ন দেশে গত কয়েক দিনে বহু ফ্লাইট বাতিল হয়েছে, রিশিডিউল করা হয়েছে বা রুট বারবার বদলানো হয়েছে। সোমবার সকালে দুবাই বিমানবন্দরের কাছে ড্রোন হামলার পর সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছিল বিমান চলাচল। এমিরেটস-এর পক্ষ থেকে জানানো হয়, কিছু ফ্লাইট বাতিল করা হয়েছে। এমিরেটস-এর বহু বিমানে এর প্রভাব পড়ে। থিরুভানন্তপুরম থেকে দুবাইয়ের উদ্দেশ্যে রওয়ানা হওয়া এমিরেটস-এর এক বিমান দুবাইয়ে এই পরিস্থিতির কারণে মাঝপথ থেকে ফিরে আসতে বাধ্য হয় বলে বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে। এর ফলে, হয়রানির শিকার হতে হয় যাত্রীদের। সহযোগী বিমান সংস্থা ফ্লাইদুবাইও সাময়িকভাবে ফ্লাইট বন্ধ রেখেছিল। পরে দুবাই মিডিয়া অফিসের পক্ষ থেকে জানানো হয় যে, ধীরে ধীরে বিমান চলাচল স্বাভাবিক করার চেষ্টা হচ্ছে। পাশাপাশি, যাত্রীদের সংশ্লিষ্ট এয়ারলাইন্সের সঙ্গে যোগাযোগ করার কথা বলা হয়। তবে, দুবাইয়ে সোমবারের এই ঘটনা বৃহত্তর বিমান পরিষেবার ক্ষেত্রে উদ্বেগকে আরো বাড়িয়ে তুলেছে। দুবাইগামী, কানেক্টিং ফ্লাইট বা সেখান থেকে বিভিন্ন প্রান্তের উড়ান পরিষেবা ব্যাহত হয়। কলকাতা এয়ারপোর্ট অথোরিটির এক কর্মকর্তা বিবিসি বাংলাকে বলেছেন, "দুবাই বিমান বন্দরে আজকের ঘটনার পর নোটিশ পাওয়া পর্যন্ত দুবাইয়ের সমস্ত ফ্লাইট বন্ধ করা হয়। এই নিয়ে সকাল থেকে আমাদের কাছে বহু মানুষের ফোনও আসছে।" চলমান পরিস্থিতির আবহে যাত্রীদের মধ্যেও অনিশ্চয়তা দেখা দিয়েছে।

তবে চলমান পরিস্থিতির আবহে দুবাইয়ে সাম্প্রতিক হামলার সময়কার অভিজ্ঞতা অনেকেই ভুলতে পারেননি। কলকাতার এক বাসিন্দা বলেছেন, "আজকে বিমানবন্দরের কাছে হামলার ঘটনা টিভিতে চোখে পড়তেই দিন কয়েক আগের অভিজ্ঞতা মনে পড়ে যাচ্ছে। আমি সপ্তাহ খানেক আগে ফিরেছি। দুবাইয়ে থাকাকালীন হোটেল এবং তার কাছে বিস্ফোরণের শব্দে বারবার মনে হতো, বাড়ি ফিরতে পারব তো?" উদ্‌বেগে রয়েছেন কলকাতার বাসিন্দা উপাসনা সিন্‌হাও। গত সপ্তাহে দুবাই থেকে কলকাতা ফিরলেও সেখানে কর্মরত তার বন্ধুকে নিয়ে চিন্তায় রয়েছেন তিনি। দিন কয়েকের জন্য ছুটি কাটাতে দুবাই গিয়েছিলেন উপাসনা সিন্‌হা। তার কথায়, "২৮ ফেব্রুয়ারি দুবাই পৌঁছেছিলাম। ক্রমাগত একটা উদ্‌বেগের মধ্যে দিয়ে গিয়েছি। অ্যালার্ট জারি করা হচ্ছে, হঠাৎ বিকট শব্দ, বিস্ফোরণ-সব মিলিয়ে বেশ চিন্তার মধ্যেই কেটেছে। রাস্তায় একটা জলের বোতল কিনতে গেলেও ভয় লাগত।" তিনি বলছিলেন, "বাড়ি ফিরে

এসে নিশ্চিন্ত বোধ করছি ঠিকই, কিন্তু যে বন্ধুর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম, সে দুবাইয়ে কাজ করে। ওর কথা ভেবে চিন্তায় রয়েছি। একটাই চাওয়া, পরিস্থিতি যত তাড়াতাড়ি সম্ভব স্বাভাবিক হোক।"
(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ড্রোন হামলার পরে সংযুক্ত আরব আমিরাতের একটি ভবনে আগুন লেগে গেছে

সংযুক্ত আরব আমিরাতের পশ্চিম উপকূলে অবস্থিত উম্মে আল কুওয়াইন অঞ্চলে একটি ভবনে ড্রোন হামলা হওয়ার পরে আগুন লেগে গেছে। সংযুক্ত আরব আমিরাতের সবচেয়ে কম জনবহুল শহর এটি। কোনও হতাহতের খবর পাওয়া যায়নি বলে এক বিবৃতিতে আঞ্চলিক সরকার জানিয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালি খোলা রাখার কার্যকর পরিকল্পনা করতে মিত্রদের সাথে কাজ করছে যুক্তরাজ্য

ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার জানিয়েছেন, হরমুজ প্রণালি পুনরায় খোলার জন্য একটি কার্যকর পরিকল্পনা করতে মিত্রদের সাথে কাজ করছে যুক্তরাজ্য। প্রধানমন্ত্রী বলছেন, এটা স্পষ্ট যে, মার্কিন সামরিক অভিযানে ইরানের "ঘৃণ্য শাসনের" সামরিক সক্ষমতা "ব্যাপকভাবে দুর্বল" হয়ে পড়েছে। তবে, এই যুদ্ধের পর ইরানের পারমাণবিক কর্মসূচি পুনর্গঠনের ক্ষমতা সীমিত করতে এবং আন্তর্জাতিক জাহাজ চলাচল নিরাপদ করতে একটি "আলোচনাভিত্তিক চুক্তির" প্রয়োজন হবে বলে মনে করেন তিনি। স্টারমার বলেন, "বাজারের স্থিতিশীলতা নিশ্চিত করতে" হরমুজ প্রণালি অবশ্যই পুনরায় খুলে দিতে হবে। "এটি সহজ কোনো কাজ নয়," বলেন তিনি। আর সেই কারণেই নৌ-চলাচলের স্বাধীনতা ফিরিয়ে আনতে যুক্তরাজ্য "আমাদের সকল মিত্রদের নিয়ে একটি বাস্তবায়নযোগ্য পরিকল্পনা" তৈরিতে কাজ করে যাচ্ছে বলে জানান ব্রিটিশ প্রধানমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## মধ্যপ্রাচ্য যুদ্ধ যেন পুতিনের জন্য আশীর্বাদ না হয়ে দাঁড়ায় : ব্রিটিশ প্রধানমন্ত্রী

ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমার জানিয়েছেন, এ পর্যন্ত ৯২ হাজারেরও বেশি ব্রিটিশ নাগরিক বাণিজ্যিক এবং সরকারি চার্টার ফ্লাইটে দেশে ফিরে এসেছেন। ডাউনিং স্ট্রিটের প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে মধ্যপ্রাচ্যে যুক্তরাজ্যের কার্যক্রম সম্পর্কে সবশেষ তথ্য জানিয়েছেন তিনি। লেবাননে অবস্থানরত ব্রিটিশ নাগরিকদের সহায়তা করার জন্য কাজ চলছে বলেও জানান স্টারমার। তিনি আরও বলেন, ইরান থেকে আসা হামলা প্রতিহত করতে সাইপ্রাসে যুক্তরাজ্যের "হাজার হাজার সামরিক সদস্য", তিন স্কোয়াড্রন যুদ্ধবিমান এবং ড্রোন বিধ্বংসী দল মোতায়েন রয়েছে। যুক্তরাজ্যের কূটনৈতিক প্রচেষ্টার বিষয়ে স্টারমার বলেন, পররাষ্ট্রমন্ত্রী ইভেট কুপার গত কয়েকদিন মধ্যপ্রাচ্যের ওই অঞ্চলে অবস্থান করেছেন। স্টারমার আজ সকালে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির সাথে দেখা করেছেন এবং শীঘ্রই প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সাথেও বৈঠক করবেন। তিনি বলেন, "ইউক্রেনকে সমর্থন করার দিকে আমাদের মনোযোগ ধরে রাখা অত্যন্ত জরুরি।" তিনি আরও জানান, মধ্যপ্রাচ্যের যুদ্ধকে কোনোভাবেই ভ্লাদিমির পুতিনের জন্য বাড়তি কোনো সুবিধা বা আশীর্বাদ হওয়ার সুযোগ দেওয়া যাবে না।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ইরানে 'ব্যাপক পরিসরে' হামলা শুরু করেছে আইডিএফ

ইরানের কিছু অংশে 'ব্যাপক পরিসরে' হামলা শুরু করেছে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী। তথ্য আদান-প্রদানের অ্যাপ টেলিগ্রামে এক পোস্টে আইডিএফ বলেছে, "তেহরান, শিরাজ এবং তাবরিজে ইরানি সন্ত্রাসী শাসনের অবকাঠামো লক্ষ্য করে আইডিএফ সবেমাত্র ব্যাপক পরিসরে হামলা শুরু করেছে।" যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল ইরানের ওপর অব্যাহতভাবে হামলা চালিয়ে যাচ্ছে এবং রাতভর তেহরানে ভারী বোমা হামলার খবর পাওয়া গেছে। উপসাগরীয় দেশগুলোতেও রাতভর ইরানি হামলার খবর পাওয়া গেছে।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালি খোলা রাখার উপায় নিয়ে ইইউ পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক

ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রনীতি বিষয়ক প্রধান কায়া কালাস জানিয়েছেন, হরমুজ প্রণালি সচল রাখতে ইউরোপের পক্ষ থেকে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে, তা নিয়ে সদস্য দেশগুলো আলোচনা করবে। রয়টার্সের প্রতিবেদনের বরাত দিয়ে বিবিসি এরাবিক এই প্রতিবেদন প্রকাশ করেছে। ব্রাসেলসে ইইউ পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকের আগে কালাস ব্যাখ্যা করেন, "আমাদের নিজেদের স্বার্থেই হরমুজ প্রণালি খোলা রাখা প্রয়োজন।" বিশ্বের মোট তেলের প্রায় ২০ শতাংশ এই সরু পথ দিয়ে পরিবাহিত হয়। কিন্তু সাম্প্রতিক এই যুদ্ধ শুরু হওয়ার পর থেকে এই প্রণালি দিয়ে যাওয়ার সময় বেশ কয়েকটি জাহাজ হামলার শিকার হয়েছে। এর আগে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছিলেন, এই পথ নিরাপদ করতে যদি মার্কিন মিত্ররা সাহায্য না করে, তবে তা "ন্যাটোর ভবিষ্যতের জন্য খুব খারাপ হবে।" রোববার ব্রিটিশ প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে জানানো হয়েছে, ট্রাম্প এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার "বিশ্বব্যাপী জাহাজ চলাচল স্বাভাবিক করতে" হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার গুরুত্ব নিয়ে আলোচনা করেছেন।
(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা ন্যাটো যুদ্ধ নয় : ব্রিটিশ মন্ত্রী

যুক্তরাজ্যের কর্ম এবং পেনশন মন্ত্রী প্যাট মেকফেডান বলেছেন, ন্যাটো ডিফেন্স অ্যালায়েন্স বা প্রতিরক্ষা জোট "মধ্যপ্রাচ্যে যে ধরনের পরিস্থিতি আমরা দেখছি," তা মাথায় রেখে করা হয়নি। বিবিসি রেডিও ফোরের সোমবারের এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। ১৯৪৯ সালে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ ১২টি দেশ নিয়ে ন্যাটো প্রতিষ্ঠিত হয়েছিল।

ন্যাটোর মূল নীতিগুলোর মধ্যে একটি সংস্থাটির সংবিধানের পাঁচ নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে, নেটোভুক্ত কোনো একটি দেশের বিরুদ্ধে হামলার অর্থ সবার বিরুদ্ধেই হামলা। এর আগে, সকালে আরেক অনুষ্ঠানে দেশটির সাবেক প্রতিরক্ষা প্রধান জেনারেল স্যার নিক কার্টার বলেছেন, ন্যাটো "এমন কোনো জোট নয়, যা কোনও মিত্রের জন্য তৈরি করা হয়েছিল, যাতে তারা নিজের ইচ্ছেমতো যুদ্ধে যায় এবং পরে অন্য সকলকে তা অনুসরণ করতে বাধ্য করে।" স্যার নিক কার্টারের বক্তব্যের সাথে একমত কিনা- জানতে চাইলে ব্রিটেনের কর্ম এবং পেনশন মন্ত্রী প্যাট মেকফেডান বলেন, জেনারেল কার্টার 'সঠিক' এবং বর্তমান যুদ্ধকে ' ন্যাটো যুদ্ধ নয়' বরং 'মার্কিন-ইসরায়েলি পদক্ষেপ' হিসেবে বর্ণনা করেছেন। "ন্যাটোর প্রতি আমরা গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ" বলেন মেকফেডান।
(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## সংযুক্ত আরব আমিরাতের পূর্ব উপকূলে তেল টার্মিনালে ড্রোন হামলার পর আগুন লেগেছে

সংযুক্ত আরব আমিরাতের পূর্ব উপকূলে ফুজাইরাতে একটি বিশাল তেল শিল্প এলাকায় ড্রোন হামলার ফলে আগুন লেগেছে বলে জানিয়েছেন স্থানীয় কর্মকর্তারা। হরমুজ প্রণালির কাছে ওমান উপসাগরে অবস্থিত ফুজাইরা, যেটি সংযুক্ত আরব আমিরাতের তেলের জন্য গুরুত্বপূর্ণ একটি এক্সিট পয়েন্ট বা প্রস্থান কেন্দ্র। কোনও হতাহতের খবর পাওয়া যায়নি বলে জানিয়েছে ফুজাইরার কর্তৃপক্ষ।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতার বিমান 'নিখুঁতভাবে' ধ্বংস করা হয়েছে : আইডিএফ

তেহরানের মেহরাবাদ বিমানবন্দরে ইসরায়েলি বিমান বাহিনী ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির বিমান ধ্বংস করেছে বলে জানিয়েছে ইসরায়েলি সামরিক বাহিনী। ইসরায়েলি সেনাবাহিনীর মুখপাত্র এল্লা ওয়াভিয়া সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স এ লিখেছেন, খামেনি যে বিমানটি ব্যবহার করতেন সেটি "নিখুঁতভাবে" ধ্বংস করা হয়েছে। "খামেনি ছাড়াও ইরান সরকারের শীর্ষ কর্মকর্তা এবং সামরিক বাহিনীর সদস্যরা এই বিমানটি ব্যবহার করে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ফ্লাইটের মাধ্যমে অস্ত্রের চুক্তি সম্পন্ন করতেন এবং 'অ্যাক্সিসভুক্ত' দেশগুলোর সঙ্গে সম্পর্ক রক্ষা করতেন" বলে বিষয়টিকে ব্যাখ্যা করেছেন তিনি। মিজ ওয়াভিয়া আরও উল্লেখ করেন, "এই বিমান ধ্বংস করার ফলে ইরান সরকারের সন্ত্রাসী নেতৃত্বের পক্ষে তাদের মিত্র দেশগুলোর সাথে সমন্বয় করা এবং সামরিক শক্তি গড়ে তোলা কঠিন হয়ে পড়বে। একইসাথে শাসকগোষ্ঠীর ক্ষমতা পুনর্নির্মাণের ক্ষমতাও ক্ষতিগ্রস্ত হয় এবং এর ফলে ইরান সরকার একটি অতিরিক্ত কৌশলগত সম্পদ হারিয়েছে।" (বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ট্রাম্পের মন্তব্যের পর সামরিক অভিযান বন্ধের আহ্বান চীনের

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মন্তব্যের পর অবিলম্বে সামরিক অভিযান বন্ধের আহ্বান জানিয়েছে চীন। যুক্তরাজ্যের ফিন্যান্সিয়াল টাইমসকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, বেইজিং যদি হরমুজ প্রণালি নিরাপদ রাখতে সহায়তা না করে, তাহলে চীনের প্রেসিডেন্টের সঙ্গে তার নির্ধারিত বৈঠক পিছিয়ে যেতে পারে। এ বিষয়ে প্রশ্ন করা হলে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, রাষ্ট্রপ্রধান পর্যায়ের কূটনীতি চীন ও যুক্তরাষ্ট্রের সম্পর্কের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ও কৌশলগত দিক-নির্দেশনা দেয়। তিনি আরও জানান, ট্রাম্পের সম্ভাব্য চীন সফর নিয়ে দুই দেশের মধ্যে যোগাযোগ বজায় রয়েছে। হরমুজ প্রণালিতে যুদ্ধজাহাজ পাঠানোর বিষয়ে ট্রাম্পের আহ্বান নিয়ে প্রশ্ন করা হলে মুখপাত্র লিন জিয়ান বলেন, সাম্প্রতিক উত্তেজনার কারণে বাণিজ্যিক পথ ব্যাহত হচ্ছে এবং আঞ্চলিক ও বৈশ্বিক শান্তি ক্ষতিগ্রস্ত হচ্ছে। তিনি বলেন, "চীন সব পক্ষকে অবিলম্বে সামরিক অভিযান বন্ধ করার আহ্বান জানাচ্ছে।" চলমান উত্তেজনা প্রশমনে কাজ করে যাওয়ার প্রতিশ্রুতিও দেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালি নিরাপদ রাখতে কয়েকটি দেশের সঙ্গে আলোচনা করছেন ট্রাম্প

তিন সপ্তাহ ধরে যুদ্ধ চলছে ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, হরমুজ প্রণালি নিরাপদ করার জন্য তিনি প্রায় সাতটি দেশের সাথে আলোচনা করছেন। বিশ্বে ব্যবহৃত মোট তেলের প্রায় ২০ শতাংশ সাধারণত হরমুজ প্রণালি দিয়েই পরিবহণ করা হয়। যুক্তরাজ্যের ফিন্যান্সিয়াল টাইমসকে দেওয়া এক সাক্ষাৎকারে ডোনাল্ড ট্রাম্প বলেন, ন্যাটোর সদস্যরা যুক্তরাষ্ট্রকে সহায়তা না করলে জোটটির ভবিষ্যৎ খুব খারাপ হতে পারে। (বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালি 'আমাদের শত্রুদের জন্য' বন্ধ রয়েছে : আরাঘচি

তেহরান যুক্তরাষ্ট্রের সাথে যুদ্ধবিরতি বা বার্তা বিনিময়ের জন্য অনুরোধ করেনি বলে জানিয়েছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। তিনি আরো বলেছেন, হরমুজ প্রণালি 'আমাদের শত্রুদের জন্য' বন্ধ থাকবে। "তারা (আমেরিকানরা) অন্যান্য দেশগুলোকে তাদের সাহায্য করতে বলছে, যাতে হরমুজ প্রণালি খোলা থাকে... আমাদের দৃষ্টিকোণ থেকে এটি খোলা। এটি কেবল আমাদের শত্রুদের জন্য, যারা আমাদের দেশের বিরুদ্ধে অন্যায় আগ্রাসন চালিয়েছে এবং তাদের মিত্রদের জন্য এটি বন্ধ রয়েছে," বলেন আরাঘচি। তিনি আরও বলেন, যুদ্ধ "এমনভাবে শেষ হতে হবে, যাতে এটি আবার না ঘটে।"(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ট্রাম্প মনে করেন যুক্তরাজ্যের 'আরও আগে পদক্ষেপ নেওয়া উচিত ছিল

মার্কিন প্রেসিডেন্টের প্রেস সেক্রেটারি ক্যারোলাইন লিভিট, হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আরও বেশি কিছু করার আহ্বান জানিয়েছেন মার্কিন মিত্রদের। সোমবার সকালে হোয়াইট হাউসের ওয়েস্ট উইংয়ের বাইরে কয়েক মিনিটের জন্য সাংবাদিকদের সাথে কথা বলেছেন তিনি। তখন ট্রাম্পের মনোভাব সম্পর্কে জানান। "ইরানের হুমকি মোকাবিলায় মার্কিন সামরিক বাহিনী থেকে অন্যান্য দেশগুলো প্রচুর উপকৃত হচ্ছে" বলেন তিনি। "এই দেশগুলোকে আরও বেশি কিছু করার আহ্বান জানানো প্রেসিডেন্টের একেবারে সঠিক" বলেন তিনি। এছাড়াও, যুক্তরাজ্যের সাথে সম্পর্কের বিষয়েও জিজ্ঞেস করা হয়েছিল প্রেস সেক্রেটারিকে। তিনি উত্তর দিয়েছিলেন, যুক্তরাজ্যের "আগেই পদক্ষেপ নেওয়া উচিত ছিল" বলে ট্রাম্প বিশ্বাস করেন। "তিনি ইউরোপে আমাদের মিত্রদের সাথে কথা বলছেন এবং তাদের আরও কিছু করার আহ্বান জানাচ্ছেন, ঠিক যেমনটি তিনি নেটোতে তাদের প্রতিরক্ষা ব্যয় বৃদ্ধির আহ্বান জানিয়েছিলেন" জানান মার্কিন প্রেস সেক্রেটারি।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ভারতের ওড়িশার হাসপাতালে আগুনে ঝলসে মৃত্যু ১০ রোগীর

ভারতের ওড়িশা রাজ্যের একটি হাসপাতালে আগুন লেগে এখনও পর্যন্ত ১০ জনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। সোমবার দিবাগত রাতে কটক শহরের এসসিবি মেডিক্যাল কলেজ হাসপাতালের 'ট্রমা কেয়ার আইসিইউ'তে আগুন লাগে। ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝিকে উদ্ধৃত করে সংবাদ সংস্থা এএনআই জানিয়েছে যে, সাতজন রোগী ঘটনাস্থলেই মারা যান। বাকি রোগীদের অন্যত্র সরিয়ে নেওয়ার পরে আরও তিনজনের মৃত্যু হয়েছে। রোগীদের উদ্ধার করতে গিয়ে ওই ঘটনায় হাসপাতালের ১১জন কর্মী আহত হয়েছেন বলে জানিয়েছে সংবাদ সংস্থা। সোমবার সকালে হাসপাতালে যান মুখ্যমন্ত্রী। সংবাদমাধ্যমকে তিনি জানান, "সম্ভবত বিদ্যুতের লাইনে শর্ট সার্কিট হয়ে আগুন লাগে। ট্রমা আইসিইউ, আইসিইউ এবং পার্শ্ববর্তী দোতলার ওয়ার্ডে মোট ২৩ জন রোগী ছিলেন। সাতজন সেখানেই মারা যান। বাকিদের সরিয়ে আনা হয়েছিল। পরে আরও তিনজনের মৃত্যু হয়। হাসপাতালের কর্মীরা নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে রোগীদের উদ্ধার করেছেন। তাদের মধ্যেও অনেকে আহত হয়ে চিকিৎসাধীন রয়েছেন এখন।" প্রত্যেক মৃতের পরিবারকে ২৫ লক্ষ ভারতীয় টাকা করে ক্ষতিপূরণের কথা ঘোষণা করেন মুখ্যমন্ত্রী।
(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৩.২০২৬ আলী আহমেদ)

# এনএইচকে

## হরমুজ প্রণালিতে শান্তি ও স্থিতিশীলতা গুরুত্বপূর্ণ : জাপান ও মার্কিন প্রতিরক্ষামন্ত্রী

জাপানের প্রতিরক্ষামন্ত্রী তার মার্কিন প্রতিপক্ষকে বলেছেন যে, হরমুজ প্রণালি এবং মধ্যপ্রাচ্যের অন্যান্য অংশে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখা জাপান এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রাখতে তারা সম্মত হয়েছেন। রবিবার জাপানের প্রতিরক্ষামন্ত্রী কোইযুমি শিনজিরো মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথের সাথে ফোনে কথা বলেছেন। কোইযুমি মধ্যপ্রাচ্যের পরিস্থিতি বিষয়ে সর্বশেষ উন্নয়ন এবং দৃষ্টিভঙ্গি সম্পর্কে হেগসেথের কাছ থেকে একটি সংক্ষিপ্ত বিবরণ পান। মার্কিন যুক্তরাষ্ট্র এবং অন্যান্য সংশ্লিষ্ট দেশগুলির সাথে ঘনিষ্ঠ যোগাযোগের জন্য জাপানের অভিপ্রায় ব্যক্ত করেছেন কোইযুমি। হেগসেথ জাপানের সাথে তার দেশের জোটের প্রতিরোধ ও প্রতিক্রিয়া ক্ষমতা জোরদার করার এবং এই অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী বলেন যে মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক পরিস্থিতি জাপানে মার্কিন বাহিনীর অবস্থানে কোনও পরিবর্তন আনবে না। তিনি আরও বলেন যে, তারা সম্পূর্ণ প্রস্তুতি বজায় রাখছে। কোইযুমি ব্যাখ্যা করে বলেন যে, জাপানের প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং আত্মরক্ষা বাহিনীও একইভাবে দেশের আশেপাশের এলাকায় পূর্ণ নজরদারি এবং সতর্কতা অবলম্বন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।(এনএইচকে ওয়েবপেইজ: ১৬.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## ঈদে সাতদিন ব্যাংক বন্ধ, এটিএমে পর্যাপ্ত টাকা রাখার নির্দেশ

বাংলাদেশে এবার পবিত্র ঈদুল ফিতরের জন্য সাতদিন ছুটি দিয়েছে সরকার। ফলে এই সময়ে বন্ধ থাকবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো। পবিত্র ঈদুল ফিতরের ছুটিতে ব্যাংকের এটিএম বুথে পর্যাপ্ত টাকার রাখার জন্য সব ব্যাংককে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। ইতোমধ্যে সব ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকদের এ বিষয়ে নির্দেশনা দেওয়া হয়েছে। ঈদের সময় বিভিন্ন ব্যাংকের এটিএম বুথ থেকে টাকা তোলার চাহিদা বাড়ে। এটিএম বুথের সামনে গ্রাহকদের দীর্ঘ লাইন দেখা যায়। শুধু এটিএম নয়, পয়েন্ট অব সেল (পিওএস), কিউআর কোড, ইন্টারনেট ব্যাংক, অনলাইন পেমেন্ট গেটওয়ে ও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের (এমএফএস) মাধ্যমে গ্রাহকদের নিরবচ্ছিন্ন লেনদেন নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে। সারাদেশে ব্যাংকগুলোর এখন ১২ হাজার ৭১৩টি এটিএম বুথ ও ৮ হাজার ৪৮৩টি সিআরএম রয়েছে। পিওএস রয়েছে ১ লাখ ৪২ হাজার ৭৭৩ টি। ব্যাংকগুলো এখন পর্যন্ত প্রায় ৫ কোটি কার্ড ইস্যু করেছে। অবশ্য একজন গ্রাহকের একাধিক ব্যাংকের কার্ড রয়েছে। ব্যাংকিং সেবায় থাকা বড়ো জনগোষ্ঠী ডিজিটাল সেবার আওতায় এসেছে। ফলে ঈদের ছুটিতে ব্যাংক বন্ধ থাকলেও, নগদ টাকার চাহিদা মেটাবে কার্ড।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৩.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশে নতুন সরকারের উচিত মানবাধিকারকে অগ্রাধিকার দেওয়া : ৯ মানবাধিকার সংস্থা

বাংলাদেশের সদ্য নির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমান এবং তার দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর সরকার এখন অনেক জরুরি চ্যালেঞ্জের মুখোমুখি। এর পাশাপাশি মানবাধিকারের স্থায়ী সুরক্ষা নিশ্চিত করার সুযোগও এখন তাদের সামনে। হিউম্যান রাইস ওয়াচসহ নয়টি মানবাধিকার সংস্থা মনে করে, সরকারের উচিত মানবাধিকারকে অগ্রাধিকার দেওয়া। প্রধানমন্ত্রী তারেক রহমানকে লেখা এক চিঠিতে এ কথা বলেছে তারা। চিঠিতে বলা হয়, ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত নির্বাচনে ভূমিধস জয়লাভের পর ক্ষমতায় এসেছেন তারেক রহমান। এর আগে, ২০২৪ সালে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১৫ বছরের ক্রমবর্ধমান নির্যাতনমূলক শাসনের অবসান হয়। গণবিক্ষোভের মুখে শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার (১৮ মাস) পর অন্তর্বর্তীকালীন সরকারের অধীনে অনুষ্ঠিত নির্বাচনে জয়লাভের মাধ্যমে হাসিনা সরকারের স্থলাভিষিক্ত হয় তারেক রহমানের সরকার। এভাবে ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনার ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকে ২০২৬ সালের ১২ ফেব্রুয়ারির নির্বাচনের বিষয়টি উল্লেখের পর চিঠিতে নয়টি মানবাধিকার সংস্থা লিখেছে, হাসিনার শাসনামলের জোরপূর্বক গুম এবং বিচার-বহির্ভূত হত্যাকাণ্ডের মতো ব্যাপক মানবাধিকার লঙ্ঘনের অবসান হলেও, অন্তর্বর্তীকালীন সরকার রাজনৈতিক বিরোধীদের নির্বিচারে আটক করেছে এবং সাংবাদিক, ধর্মীয় সংখ্যালঘু ও সাংস্কৃতিক কেন্দ্রগুলোর বিরুদ্ধে মব-সন্ত্রাস বন্ধ করতে ব্যর্থ হয়েছে।

হিউম্যান রাইটস ওয়াচের এশিয়া অঞ্চলের ডেপুটি ডাইরেক্টর মীনাক্ষী গাঙ্গুলি বলেন, "পরিবর্তন আনার জন্য তারেক রহমানকে ব্যাপক ম্যান্ডেট দেওয়া হয়েছে, যাদের (সমর্থনকারী) মধ্যে এমন অনেক বাংলাদেশিও রয়েছেন, যারা একটি স্বৈরাচারী সরকারকে উৎখাত করার জন্য জীবনের ঝুঁকিও নিয়েছিলেন।" তিনি আরো বলেন, "সাফল্যের জন্য অর্থপূর্ণ সংস্কার প্রয়োজন, যাতে স্বাধীন প্রতিষ্ঠানগুলো জবাবদিহিতা এবং আইনের শাসন সমুন্নত রাখতে পারে, ধর্ম ও মত প্রকাশের স্বাধীনতার মতো অধিকারগুলো সমুন্নত রাখতে প্রকৃত প্রতিশ্রুতিবদ্ধতা নিশ্চিত করা যায়।" চিঠিতে তারেক রহমানের সরকারকে আরো যে-সব বিষয় অগ্রাধিকারে রাখার কথা বলা হয়েছে, সেগুলো হলো- নির্বিচারে আটক বন্ধ করা, অতীতের দায়ীদের জবাবদিহিতার আওতায় আনা, 'নির্যাতনমূলক র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন' বিলুপ্ত করা এবং জাতিগত ও ধর্মীয় সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত করা। হিউম্যান রাইস ওয়াচসহ নয়টি মানবাধিকার সংস্থা আরো মনে করে, সরকারের উচিত বর্তমানে বাংলাদেশে অবস্থানরত দশ লাখেরও বেশি রোহিঙ্গা শরণার্থীদের অধিকার রক্ষা করা এবং একটি শক্তিশালী ও স্বাধীন জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠা করা। তারেক রহমানকে লেখা চিঠিতে নীতিগত ও আইনি পদক্ষেপের জন্য সুনির্দিষ্ট কিছু সুপারিশও করেছে নয়টি আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৩.২০২৬ রুবাইয়া)

## জাতীয় দিবস নিয়ে রাজনীতি

বিএনপি সরকার ক্ষমতায় আসার পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণের দিনটি জাতীয়ভাবে পালন করা হয়নি। বৃহস্পতিবার ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবসও পালন করা হবে না। এই দুটি জাতীয় দিবসসহ মোট আটটি জাতীয় দিবস অন্তবর্তী সরকারের সময় বাতিল করা হয়। বিএনপি সরকার ক্ষমতায় আসার পর ১১ মার্চ মন্ত্রিপরিষদ বিভাগ জাতীয় দিবসের যে তালিকা প্রকাশ করেছে, তাতে বাতিল হওয়া এই আট জাতীয় দিবসকে আর ফিরিয়ে আনা হয়নি। ফলে ১৫ আগস্ট বঙ্গবন্ধুর মৃত্যুবার্ষিকীকে আওয়ামী লীগ আমলে শোক দিবস হিসেবে পালন করা হলেও এবার থেকে তা হবে না। জাতীয় দিবসের নতুন তালিকায় বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের জন্ম ও মৃত্যুবার্ষিকীকেও রাখা হয়নি। বিএনপির যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স ডয়চে ভেলেকে বলেন, "কোনো জাতীয় দিবস করে কোনো একজনকে মহামানব করতে চাই না আমরা। শেখ হাসিনা সেই কাজটি করেছেন। নানা জাতীয় দিবস চালু করে, নানা ন্যারেটিভ তৈরি করে শেখ মুজিবুর রহমানকে মহামানব বানিয়েছেন। কিন্তু আমরা জনগণের কাছে ছেড়ে দিতে চাই। যার যা অবদান দেশের মানুষ তা দেখবে, তারা চর্চা করবে।"

### জাতীয় দিবস কীভাবে নির্ধারণ হয়?

জনপ্রশাসন বিশেষজ্ঞ ও সাবেক যুগ্ম সচিব মোহাম্মদ ফিরোজ মিয়া বলেন, "জাতীয় দিবস নির্ধারণের কোনো সরকারি নীতিমালা নেই। যখন যে সরকার আসে, তখন তার পছন্দমতো বা ইচ্ছামতো এই বিষয়ে আদেশ জারি করে।" তিনি বলেন, "আন্তর্জাতিক এবং জাতীয় কিছু দিবস আছে, যেগুলো নিয়ে কোনো বিতর্ক নেই, সেগুলো পরিবর্তন হয় না। কিন্তু যেগুলো রাজনৈতিক, যেমন ৭ নভেম্বর, ১৫ আগস্ট, ১৭ মার্চ- এসব দিবসগুলো যখন যে সরকার আসে, তাদের চরিত্র মতো ঠিক করে। আদেশ জারি করে নেয়। আবার স্বাধীনতা দিবস, বিজয় দিবসের মতো জাতীয় দিবসগুলো সার্বজনীন। ফলে এগুলো নিয়ে কেউ হাত দেয় না।" ১৯৯৬ সালে আওয়ামী লীগ ক্ষমতায় এসে ৭ নভেম্বর বিপ্লব ও সংহতি দিবস বাতিল করেছিল। ২০০১ সালে বিএনপি ক্ষমতায় ফিরে আবারও দিবসটি সরকারিভাবে পালন শুরু করে। ২০07 সালে সেনা-সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে সরকারিভাবে পালিত হয়। তবে পরের বছর ছুটি ছিল না। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় ফিরে ২০09 সাল থেকে দিবসটি 'মুক্তিযোদ্ধা সৈনিক হত্যা দিবস' নামে পালন করে। ইতিহাস বিষয়ক গবেষক এবং লেখক মহিউদ্দিন আহমদ বলেন, "সব জাতীয় দিবসতো আর জাতীয় গুরুত্ব বিবেচনায় করা হয় না। অধিকাংশই করা হয় রাজনৈতিক বিবেচনায়। ফলে সরকার পরিবর্তনের সাথে সাথে জাতীয় দিবসেও পরিবর্তন আসে। কিছু বাদ পড়ে, আবার নতুন কিছু যুক্ত হয়। যারা নতুন আসে তারা আগের সরকারের সব দিবসতো

রাখবে না। আমাদের দেশে তো এরকমই চলে আসছে।” তিনি বলেন, “রাষ্ট্রীয় কাজকর্ম যদি দলবাজি থেকে দূরে রাখা যায়, তাহলে এটা এড়িয়ে চলা সম্ভব। আর জাতীয় দিবসের ব্যাপারে জাতীয় ঐকমত্য প্রয়োজন। ঐকমত্য থাকলে তো আর সমস্যা হয় না। একুশে ফেব্রুয়ারি, ১ বৈশাখ, স্বাধীনতা দিবস, বিজয় দিবস নিয়ে তো কোনো সমস্যা হয় না। কারণ এখানে জাতীয় ঐকমত্য আছে। কিন্তু কোনো দল ক্ষমতায় এসে যদি তার রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে জাতীয় দিবস ঠিক করে, তাহলে তো আরেক সরকার এসে তা পরিবর্তন করবে। নিজেদের পছন্দ মতো করবে।

**শেখ মুজিবুর রহমানের অবদান কেউ অস্বীকার করতে পারবে না**

বিএনপির যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেন, “একাত্তরে মহান মুক্তিযুদ্ধ সংগঠিত করা ক্ষেত্রে তার (শেখ মুজিবুর রহমান) যে অবদান তা কেউ অস্বীকার করতে পারবে না। আবার মুক্তিযুদ্ধের পরে দেশ পরিচালনায় তার যে অদক্ষতা, তার যে ব্যর্থতা, সেটাকেও তো কেউ অস্বীকার করতে পারবে না।” তিনি বলেন, “আমরা আমাদের জাতীয় নেতা মওলানা ভাসানী, শের-ই-বাংলা এ কে ফজলুল হক, হোসেন শহিদ সোহরাওয়ার্দী, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, শেখ মুজিবুর রহমান সবাইকে সম্মান করি। কিন্তু কোনো জাতীয় দিবস করে কোনো একজনকে মহামানব করতে চাই না আমরা। শেখ হাসিনা সেই কাজটি করেছেন।” ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর বঙ্গবন্ধুর ৩২ নম্বরের বাড়ি দফায় দফায় হামলা চালিয়ে গুঁড়িয়ে দেওয়া হয়। দেশের বিভিন্ন স্থানে তার ম্যুরাল ও ভাস্কর্য ভাঙচুর করা হয়েছে। এই প্রেক্ষাপট তুলে ধরলে বিএনপি নেতা প্রিন্স বলেন, “আমরাতো তাকে সম্মান করি। আমাদের প্রধানমন্ত্রী তারেক রহমান, আমাদের নেত্রী বেগম খালেদা জিয়া আগে যখন গোপালগঞ্জ সফর করেছেন, তখন তার (শেখ মুজিবুর রহমান) কবরও জিয়ারত করেছেন। তারা সবসময় তাদের কথায়, বক্তৃতায় এই জাতীয় নেতাদের সম্মান করেছেন। তবে শেখ হাসিনা সরকারের অতি প্রচার আর সেই কাজে রাষ্ট্রীয় যন্ত্রকে ব্যবহার করায় মানুষ বিরক্ত হয়ে উঠেছিল। তারা একজনকে মহামানব করে অন্য জাতীয় নেতাদের অবদানকে অস্বীকার করেছে, যা দেশের মানুষ ভালোভাবে নেয়নি।”

“আর দিবসের কথা যদি বলেন, আরো তো অনেক দিবস আছে। ৩০ মে (জিয়াউর রহমানের মৃত্যুবার্ষিকী) আছে, ১৯ নভেম্বর আছে, ১৭ জানুয়ারি আছে। শের-ই-বাংলা এ কে ফজলুল হক, হোসেন শহিদ সোহরাওয়ার্দী- তাদেরও জন্ম-মৃত্যু দিবস আছে। ফলে শোক বা দিবসকেন্দ্রিক যে রাজনীতি, দিবসকেন্দ্রিক যে ইতিহাসের বয়ান, এখানেই যদি আমরা সীমাবদ্ধ থাকি, তাহলে তো আমরা এগোতে পারবো না,” বলেন এই বিএনপি নেতা। বিএনপির স্বনির্ভর বিষয়ক সম্পাদক নিলোফার চৌধুরী মনি বলেন, “আমাদের তার (শেখ মুজিবুর রহমান) প্রতি সম্মান আছে। তবে কোনো কিছু নিয়েই বাড়াবাড়ি কারোর জন্যই ভালো না। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী জ্যাম ঠেলে, ভিড় ঠেলে অফিস করেন। তিনি নিজের গাড়িতে চড়েন, নিজের টাকায় গাড়ির তেল কেনেন। কোনো সুবিধা নেন না। দিবসের নামে একদিন ছুটি রেখে কী লাভ? বরং ওইদিন তাকে স্মরণ করে একঘণ্টা বেশি কাজ করলে ভালো হবে।” তিনি বলেন, “দেখেন, আমি দিবসকেন্দ্রিক রাজনীতি পছন্দ করি না। আমরা এটা থেকে বের হয়ে আসতে চাই। তাই দিবস বন্ধ হয়ে গেছে বলে আমার তেমন কিছু মনে হয় না। বন্ধ হয়েছে তো কী হয়েছে। যারা চায়, তারা ওইদিন দোয়া খায়ের করতে পারেন। তাকে স্মরণ করতে পারে। আর দলের নেতা-কর্মীরা কর্মসূচি পালন করতে পারেন।”

**অন্তর্বর্তী সরকারের বাতিল করা আট জাতীয় দিবস**

এগুলো হলো : বঙ্গবন্ধুর ভাষণের স্মৃতি বিজড়িত ঐতিহাসিক ৭ মার্চ, ১৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস, ৫ আগস্ট শেখ হাসিনার ভাই ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী, ৮ আগস্ট শেখ হাসিনার মা বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী; ১৫ আগস্ট বঙ্গবন্ধুর মৃত্যুবার্ষিকী ও জাতীয় শোক দিবস, ১৮ অক্টোবর শেখ হাসিনার ছোটো ভাই শেখ রাসেল দিবস, ৪ নভেম্বর জাতীয় সংবিধান দিবস এবং ১২ ডিসেম্বর স্মার্ট বাংলাদেশ দিবস। জাতীয় দিবস এখন মোট ৮৯টি ১১ মার্চ মন্ত্রিপরিষদ বিভাগের প্রকাশ করা তালিকায় দেখা যাচ্ছে, জাতীয় দিবসের সংখ্যা মোট ৮৯টি। এরমধ্যে ‘ক’ শ্রেণির ১৭টি, ‘খ’ শ্রেণির ৩৭টি এবং ‘গ’ শ্রেণির ৩৫টি। পরিপত্র অনুযায়ী, ‘ক’ শ্রেণিভুক্ত দিবসগুলো ‘যথাযোগ্য মর্যাদায়’ উদ্‌যাপন করা হবে। ‘খ’ শ্রেণিভুক্ত দিবসগুলোর মধ্যে যেগুলো প্রতিবছর পালিত হয় বা সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ, সেগুলোও গুরুত্ব দিয়ে পালন করা যাবে। এ ধরনের অনুষ্ঠানের জন্য সরকারি উৎস থেকে সর্বোচ্চ ৫০ হাজার টাকা বরাদ্দ দেওয়া যেতে পারে। আর ‘গ’ শ্রেণিভুক্ত দিবসগুলো সীমিত পরিসরে পালনের কথা বলা হয়েছে। এসব দিবসে কোনো বিশেষ সরকারি বরাদ্দ থাকবে না। অন্তর্বর্তী সরকারের সময়ে গত বছরের ২৫ জুন মন্ত্রিপরিষদ বিভাগ ৫ আগস্টকে ‘জুলাই গণ-অভ্যুত্থান দিবস’, ৮ আগস্টকে ‘নতুন বাংলাদেশ দিবস’ এবং ১৬ জুলাইকে ‘শহিদ আবু সাঈদ দিবস’ হিসেবে ঘোষণা করেছিল। কিন্তু সমালোচনা হওয়ায় উপদেষ্টা পরিষদের বৈঠকে ৮ আগস্ট ‘নতুন বাংলাদেশ দিবস’ পালন না করার সিদ্ধান্ত হয়। সেই সঙ্গে ১৬ জুলাইয়ের ‘শহিদ আবু সাঈদ দিবস’-এর নাম বদলে ‘জুলাই শহিদ দিবস’ করা হয়। বিএনপি সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের নতুন পরিপত্রে সেই দুই দিবস একই নামে বহাল রেখেছে। আর ১৭ অক্টোবর লালন সাঁই তিরোধান দিবস ‘ক’ শ্রেণির দিবস হিসেবে জাতীয় পর্যায়ে পালনের সিদ্ধান্ত নিয়েছে বিএনপি সরকার।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৩.২০২৬ রুবাইয়া}

### হরমুজ নিয়ে অন্য দেশের উপর চাপ বাড়াচ্ছেন ট্রাম্প

রোববার দুবাই বিমানবন্দরের কাছে একটি তেলের ট্যাংকারে ড্রোন হামলা হয়। এর ফলে আগুন ছড়িয়ে পড়ে। কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। তবে দুবাই বিমানবন্দর থেকে বিমান চলাচল বন্ধ আছে। সামাজিক মাধ্যমে একটি পোস্টে দুবাই মিডিয়া অফিস জানায়, "দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরের কাছে ড্রোন হামলায় যে তেলের ট্যাংকারে আগুন লাগার ঘটনা ঘটে, দুবাই সিভিল ডিফেন্স টিম তা নিয়ন্ত্রণে আনে। এই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।" ২৮ ফেব্রুয়ারিতে ইরানের সঙ্গে ইসরায়েল এবং আমেরিকার সংঘর্ষের পর থেকে মধ্যপ্রাচ্যের দেশগুলোর উপর আকাশ পথে ড্রোন এবং মিসাইল আক্রমণ চালানো হয়। অন্যদিকে, হরমুজ প্রণালি দিয়ে তেলবাহী জাহাজ চলাচল নিশ্চিত করতে একাধিক দেশকে উদ্যোগ নিতে বলেছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে সেই ডাকে খুব একটা সাড়া মেলেনি। রোববার সুর চড়িয়েছেন ট্রাম্প। ফিনানশিয়াল টাইমসকে দেওয়া একটি সাক্ষাৎকারে তিনি বলেন, এই প্রণালি সুগম করতে সাহায্য না করলে ন্যাটোর সামরিক জোট এর ফলে 'খুব খারাপ ভবিষ্যতের' দিকে যেতে পারে। এই মাসের শেষে চীনের প্রেসিডেন্ট শি জিংপিনের সঙ্গে বৈঠক হওয়ার কথা ট্রাম্পের। হরমুজ প্রণালির বিষয়ে আমেরিকাকে সাহায্য না করলে সেই বৈঠক পিছিয়ে দেওয়ার হুমকি দিয়েছেন ট্রাম্প। সাক্ষাৎকারে তিনি বলেন, "যারা হরমুজের সুবিধা পান তারা এই প্রণালিকে চাপ মুক্ত রাখবেন এটাই কাম্য।" পারস্য উপসাগর এবং আরব সাগরের মধ্যে এই প্রণালি বিশ্বের তেল পরিবহণের গুরুত্বপূর্ণ জলপথ। ইরানের সঙ্গে আমেরিকা এবং ইসরায়েলের যুদ্ধ শুরু হওয়ার পর থেকেই এই পথে তেল সরবরাহ বাধা পেয়েছে। এর ফলে সারা বিশ্বে হু হু করে বাড়ছে জ্বালানির দাম। অন্যদিকে, রোববার ওয়াশিংটনে ট্রাম্প দাবি করেন, ইরানের সঙ্গে তাদের কথা চলছে। যদিও ইরান এই দাবি অস্বীকার করেছে। এয়ার ফোর্স ওয়ানের সাংবাদিকদের ট্রাম্প বলেন, "আমরা ওদের সঙ্গে কথা চালাচ্ছি। যদিও আমার মনে হয়ে না ওরা এখনই সমঝোতায় আসতে প্রস্তুত। তবে খুব তাড়াতাড়ি আসবে।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৩.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### ১৭ বছর পর দেশে ঈদ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান

রাজধানীতে পবিত্র ঈদুল ফিতরের প্রধান জামাত অনুষ্ঠিত হবে জাতীয় ঈদগাহ ময়দানে সকাল সাড়ে ৮টায়। এই জামাতে প্রধানমন্ত্রী নামাজ আদায় করবেন। ১৭ বছর পর দেশের মাটিতে ঈদের নামাজ পড়বেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার সকাল ১০টায় জাতীয় ঈদগাহ পরিদর্শন শেষে এ বিষয়ে এক প্রেস ব্রিফিংয়ে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক আব্দুস সালাম এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

### দিনাজপুরে খাল খনন কর্মসূচির উদ্‌বোধন করলেন প্রধানমন্ত্রী

দিনাজপুরের কাহারোলে খাল খনন কর্মসূচির উদ্‌বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার দুপুর ১২টার দিকে উপজেলার সাহাপাড়া খাল খননের মাধ্যমে কর্মসূচির আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন তিনি। এর আগে, সকাল ১০টায় সৈয়দপুর বিমানবন্দরে পৌঁছান তারেক রহমান। পরে সড়কপথে প্রধানমন্ত্রী দিনাজপুরের কাহারোলের উদ্দেশ্যে যাত্রা করেন। দলীয় একাধিক সূত্র জানায়, বলরামপুর সাহাপাড়া এলাকায় ১২ কিলোমিটার দীর্ঘ একটি খাল পুনঃখননের মাধ্যমে দেশব্যাপী এ কর্মসূচির উদ্‌বোধন করেন। প্রথম পর্যায়ে দিনাজপুরসহ দেশের ৫৪টি জেলায় এ উদ্যোগ বাস্তবায়ন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

### উত্তরাঞ্চল থেকে কৃষিভিত্তিক ইন্ডাস্ট্রি গড়ার উদ্যোগ নিয়েছি : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, উত্তরাঞ্চল কৃষক প্রধান এলাকা। কৃষির সঙ্গে জড়িত দেশের অনেক কোম্পানি। আমরা সেসব কোম্পানির সাথে কথা বলেছি। ঈদের পর তাদের সাথে বসবো। উত্তরাঞ্চল থেকে কৃষিভিত্তিক ইন্ডাস্ট্রি গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছি। সেখানে কৃষকদের সন্তানরা চাকরি পাবেন। সোমবার দুপুরে দিনাজপুরের কাহারোল উপজেলার বলরামপুর সাহাপাড়া খাল খনন পরবর্তী আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তারেক রহমান বলেন, আমরা নির্বাচনের আগে অনেক কথা বলেছি। বলেছি, সারা দেশে ৪ কোটি পরিবারের ফ্যামিলি কার্ড পৌঁছে দিতে চাই। আমরা সারাদেশে ফ্যামিলি কার্ড দিতে শুরু করেছি। মধ্যপ্রাচ্যে অনেক মানুষ কাজ করে। তাদের বিষয়ে আমরা চিন্তা করছি, তারাও ক্ষতিগ্রস্ত হচ্ছে। মধ্যপ্রাচ্যে যুদ্ধ শুরু হওয়ার কারণে অর্থনীতির ওপর চাপ পড়েছে। কিন্তু আমরা যে ওয়াদা করেছি, সেগুলো এরই মধ্যে শুরু করেছি।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

### ১০ হাজার টাকার নিচে কৃষিঋণ মওকুফে ১,৫৬৭ কোটি টাকা বরাদ্দ

নির্বাচনি ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে অনূর্ধ্ব ১০ হাজার টাকার কৃষিঋণের আসল ও সুদ পরিশোধে ১ হাজার ৫৬৭ কোটি ৯৬ লাখ ৩৩ হাজার ৪৮০ টাকা বরাদ্দ দিয়েছে সরকার। চলতি ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটে এ অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে কিছু শর্ত দিয়ে এই অর্থ বরাদ্দ দেওয়া হয়। কৃষকদের এ ঋণের দায় সরকার পরিশোধ করবে বলে জানানো হয়েছে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনায় বলা হয়েছে, বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬ ফেব্রুয়ারি অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে

এ সিদ্ধান্ত নেওয়া হয়। এর ভিত্তিতে অর্থ বিভাগ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনুকূলে বরাদ্দ প্রদান করেছে। সরকারের নির্দেশনায় বলা হয়েছে, সুদ আরোপের পরবর্তী সময়ের অনারোপিত সুদ সংশ্লিষ্ট ব্যাংকগুলো তাদের পরিচালনা পর্ষদের অনুমোদন নিয়ে মওকুফ করবে। এছাড়া, ১৩৭ কোটি ৫৮ লাখ ৩৯ হাজার ৮২৫ টাকা 'সাসপেন্স' হিসেবে যে অর্থ স্থানান্তরিত হয়েছে, তা সংশ্লিষ্ট ব্যাংকগুলো অবলোপন করে দায় নিষ্পত্তি হিসেবে গণ্য করবে এবং এ সংক্রান্ত কোনো মামলা থাকলে, তা প্রত্যাহার করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

## র‍্যাবের ডিজি হলেন হাবীব, এসবি প্রধান নুরুল আমিন, সিআইডি প্রধান মোসলেহ উদ্দিন

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, র‍্যাব, অপরাধ তদন্ত বিভাগ সিআইডি ও বাংলাদেশ পুলিশের বৃহৎ তিনটি ইউনিটের বিশেষ শাখায় নতুন কর্মকর্তা নিয়োগ দিয়েছে সরকার। চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি মো. আহসান হাবীব পলাশকে র‍্যাব মহাপরিচালক, পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি সরদার নুরুল আমিনকে এসবি প্রধান ও পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি মোসলেহ উদ্দিন আহমদকে সিআইডির প্রধান হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানা যায়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন উপ-সচিব তৌছিফ আহমেদ। মো. আহসান হাবীব পলাশ চট্টগ্রাম রেঞ্জ ডিআইজি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। এর আগে, তিনি পিবিআইতে কাজ করেন। আওয়ামী লীগ সরকার আমলে তিনি পদোন্নতি বঞ্চিত ছিলেন। আহসান হাবীব পলাশ ১৫তম বিসিএস পুলিশ ক্যাডারের কর্মকর্তা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

## ঢাবির নতুন উপাচার্য অধ্যাপক এ বি এম ওবায়দুল ইসলাম

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হচ্ছেন অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বিশ্ববিদ্যালয়টির পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক। বর্তমানে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে উপাচার্য পদে দায়িত্ব পালন করছেন। তাকে সেখান থেকে সরিয়ে ঢাবির উপাচার্য করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। অন্যদিকে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান হচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মামুন আহমেদ। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন এ তথ্য জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

## এপিবিএন প্রধান হলেন হাসিব আজিজ, চট্টগ্রাম রেঞ্জ ডিআইজি মনিরুজ্জামান

আর্মড পুলিশ ব্যাটালিয়ন এপিবিএন এর প্রধান মো. আলী হোসেন ফকিরকে সম্প্রতি পুলিশের আইজিপি হিসেবে নিয়োগ দেয় সরকার। পদটি এতদিন ফাঁকা ছিল। ওই পদে চট্টগ্রাম মেট্রোপলিটনের পুলিশ কমিশনার হাসিব আজিজকে নিয়োগ দিয়েছে সরকার। এছাড়া, চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি মো. আহসান হাবীব পলাশকে র‍্যাব মহাপরিচালক হিসেবে নিয়োগ দেওয়ায় চট্টগ্রাম রেঞ্জের নতুন ডিআইজি হিসেবে এসবির ডিআইজি মো. মনিরুজ্জামানকে নিয়োগ দিয়েছে সরকার। সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানা যায়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনের সই করেন উপ-সচিব তৌছিফ আহমেদ। প্রজ্ঞাপনে আরও বলা হয়, সিআইডিপ্রধান মো. ছিবগাত উল্লাহকে পুলিশ সদর দপ্তরে বদলি করা হয়েছে। এছাড়া, ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার হাসান মো. শওকত আলীকে চট্টগ্রাম মেট্রোপলিটনের পুলিশ কমিশনার হিসেবে বদলি করা হয়েছে। আরেক প্রজ্ঞাপনে পুলিশ সদর দপ্তরের ডিআইজি মো. আশরাফুর রহমানকে পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি নিয়োগ দেওয়া হয়েছে। পৃথক প্রজ্ঞাপনে এসবির অতিরিক্ত আইজিপি জি এম আজিজুর রহমানকে রাজশাহীর সারদার বিপিএর প্রিন্সিপাল হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

## স্কুলে ভর্তিতে লটারি থাকছে না : শিক্ষামন্ত্রী

দেশের সরকারি-বেসরকারি স্কুলের প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির ক্ষেত্রে আর লটারি পদ্ধতি থাকছে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। শিক্ষামন্ত্রী বলেন, আমরা সিদ্ধান্ত নিয়েছি, আগামী বছর অর্থাৎ ২০২৭ শিক্ষাবর্ষ থেকে সব শ্রেণিতে ভর্তিতে পরীক্ষা নেবো। সেটা খুব জটিল কোনো পরীক্ষা নেওয়া হবে না। ক্লাস ওয়ানে তো আর আমরা ওদের নিউরো সার্জন বানাবো না। একটি সিম্পল টেস্টের মাধ্যমে স্কুলে ভর্তি করানো হবে। ভর্তি পরীক্ষা ফিরলে কোচিং বাণিজ্য ও তদবির বাড়বে কি না- এমন প্রশ্নে এহছানুল হক মিলন বলেন, "এখানে কোচিং করানোর সুযোগ রাখা হবে না। সিম্পল টেস্ট হবে, সাধারণভাবে সবকিছু হবে। এটা নিয়ে অভিভাবকদের চিন্তার কোনো কারণ নেই। আমি মনে করি, লটারি করে ভর্তি করানো কোনো শিক্ষাব্যবস্থায় থাকতে পারে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

## সুন্দর ভোট হলে আপত্তি ওঠে ভোট হওয়ার পরে : সিইসি

প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন বলেছেন, অতীত আমরা দেখেছি, সুন্দর ভোট হলে আপত্তিগুলো ওঠে ভোট হয়ে যাওয়ার পরে, এবারও তাই হয়েছে। সোমবার আগারগাঁওয়ের নির্বাচন কমিশন ভবনে নারী দিবস উপলক্ষ্যে ইউএনডিপি ও ইসির যৌথ উদ্যোগে নির্বাচনি প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ জোরদার করা বিষয়ক এক

অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। সিইসি বলেন, আমার আগ্রহের কেন্দ্রবিন্দু কিন্তু নির্বাচন। সুন্দর নির্বাচনের জন্য আপনাদের সবাইকে ধন্যবাদ। আমি শতশত মানুষকে জিজ্ঞেস করেছি কিন্তু বলতে পারেনি যে, আমি আমার ভোট দিতে পারিনি। গত নির্বাচনে আমি অনেক বয়স্ক নারীদের জিজ্ঞেস করেছি যে, আপনার কোনো বাধা-বিপত্তি পেয়েছেন কি না? সবাই আমাকে বলেছেন না, আমরা কোনো বাধা পাইনি। তিনি বলেন, আমি একজনের কথা শুনিনি যে, ভোট দিতে পারেনি। অতীত আমরা দেখেছি সুন্দর ভোট হলে আপত্তিগুলো ওঠে, ভোট হয়ে যাওয়ার পরে। সবাই মিলে আমরা যে নির্বাচন করেছি, এ জন্য আমি আনন্দিত। আমি আনন্দিত এজন্য যে, আমি জাতির কাছে যে ওয়াদা ছিল, তা পূরণ করেছি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

## ঈদের আগে উর্ধ্বমুখী শেয়ারবাজার, স্বস্তিতে বিনিয়োগকারীরা

ঈদের আগে শেষ কার্যদিবস সোমবার দেশের শেয়ারবাজারে উর্ধ্বমুখিতার দেখা মিলেছে। ব্যাংক, বীমা, ঔষধ ও বহুজাতিক খাতের বেশকিছু কোম্পানির শেয়ারের দাম বেড়েছে। ফলে কিছুটা স্বস্তি নিয়েই ঈদ উদ্‌যাপনের সুযোগ পাচ্ছেন বিনিয়োগকারীরা। প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং অন্য শেয়ারবাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে দাম বাড়ার তালিকায় বেশি প্রতিষ্ঠান থাকার পাশাপাশি, সবকটি মূল্যসূচক বেড়েছে। তবে ডিএসইতে কমেছে লেনদেনের পরিমাণ। এর আগে, ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর দেশের শেয়ারবাজারে টানা দরপতন হয়। তবে গত সপ্তাহের শেষ চার কার্যদিবস টানা উর্ধ্বমুখী থাকে বাজার। এরপর চলতি সপ্তাহের প্রথম কার্যদিবস ফের দরপতন হয়। তবে ঈদের আগে শেষ কার্যদিবসে উর্ধ্বমুখিতার দেখা মিললো।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ আসাদ)

## প্রাথমিক বৃত্তি পরীক্ষা আবশ্যিক নয়, যারা চাইবে না, তারা দেবে না : শিক্ষামন্ত্রী

পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রাথমিক বৃত্তি পরীক্ষা আবশ্যিক নয় এবং যারা চাইবে না, তারা তা দেবে না। এমনটাই জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরা এ বছর ষষ্ঠ শ্রেণিতে ওঠার চার মাস পর তাদের প্রাথমিক বৃত্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ নিয়ে চলছে আলোচনা-সমালোচনা। শিক্ষক-অভিভাবকরা বলছেন, শিক্ষার্থীদের হাতে এখন পঞ্চম শ্রেণির বই ও নোট-গাইড নেই। তারা ষষ্ঠ শ্রেণির পড়ালেখায় ব্যস্ত। এর মধ্যে প্রাথমিক বৃত্তি পরীক্ষা নেওয়া অযৌক্তিক। বিষয়টি নিয়ে সোমবার (১৬ মার্চ) সাংবাদিকরা শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলনকে প্রশ্ন করেন। জবাবে তিনি বলেন, "এটা আবশ্যিক নয়, ঐচ্ছিক। আপনি বৃত্তি পরীক্ষা দিতে চান, আসেন, দেন। না দিতে চাইলে না দেন।" মন্ত্রী আরও বলেন, "এ প্রশ্নের উত্তর যারা পারবে, তারা দেবে। আমি দেব না। আমি অপশন দিলাম- এখন যে পারবে না, সে আসবে না। যে পারবে, সে পরীক্ষা দিতে আসবে। এটা আবশ্যিক নয়।" (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## দেশে একক শিক্ষাক্রম চালুর পরিকল্পনা রয়েছে : প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বলেছেন, দেশে একক কারিকুলাম (শিক্ষাক্রম) চালুর পরিকল্পনা রয়েছে। একইসঙ্গে মাদরাসার ইবতেদায়ি স্তরকে প্রাথমিক শিক্ষার কাঠামোর মধ্যে আনার উদ্যোগ নেওয়া হচ্ছে। এতে শিক্ষকদের ভাতা, প্রশিক্ষণসহ বিভিন্ন সুবিধা অন্তর্ভুক্ত করা হবে। সোমবার (১৬ মার্চ) 'নির্বাচনি ইশতেহারের আলোকে আগামী দিনের শিক্ষা খাত: নতুন চিন্তা, নতুন কাঠামো ও নতুন পদক্ষেপ' শীর্ষক সংলাপে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজধানীর একটি হোটেলে নাগরিক প্ল্যাটফর্মের উদ্যোগে এ অনুষ্ঠান হয়। শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা কমিটিতে যুক্তদের যোগ্যতা নিয়ে গণমাধ্যমে বিভিন্ন আলোচনা প্রসঙ্গে ববি হাজ্জাজ বলেন, "এখনো কোনো সিদ্ধান্ত চূড়ান্ত হয়নি। আমরা চাই, বাস্তবসম্মত পরিকল্পনা। নতুন কোনো উদ্যোগ নেওয়ার আগে সেটি যেন বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয় এবং সবার সঙ্গে আলোচনা করেই নেওয়া হয়। দেশের বাস্তবতা বিবেচনায় আইন বা নীতিমালা করতে হবে। কোনো আইভরি টাওয়ারে বসে ১৮ কোটি মানুষের দেশের জন্য আইন করা সম্ভব নয়। প্রত্যন্ত অঞ্চলের একটি ইউনিয়নে কী ধরনের মানুষ আছেন, তাদের শিক্ষাগত যোগ্যতা কী, এসব বিবেচনা করেই সিদ্ধান্ত নিতে হবে," বলেন প্রতিমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## ভিয়েনায় 'গ্লোবাল ফ্রড সামিটে' স্বরাষ্ট্রমন্ত্রী

অস্ট্রিয়ার ভিয়েনায় 'গ্লোবাল ফ্রড সামিট-২০২৬' এর উদবোধনী অধিবেশনে অংশ নিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। জাতিসংঘ মাদক ও অপরাধবিষয়ক সংস্থা (ইউএনওডিসি) এবং ইন্টারপোল যৌথভাবে ১৬ ও ১৭ মার্চ অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় এই সামিটের আয়োজন করেছে। সামিটে অংশ নিতে রোববার (১৫ মার্চ) বিকেলে ভিয়েনার উদ্দেশ্যে ঢাকা ছাড়েন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ভিয়েনা ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে অনুষ্ঠিতব্য এ সামিটে মন্ত্রী পাঁচ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## জুলাই সনদের প্রতিটি ধারা সাংবিধানিকভাবে বাস্তবায়ন করা হবে

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, বিভ্রান্তিকর আশ্বাস ও প্রতিশ্রুতি দিয়ে বিএনপি দেশ পরিচালনা করতে চায় না। জনআকাঙ্ক্ষা পূরণে নিয়মতান্ত্রিক ও সাংবিধানিকভাবে জুলাই সনদ বাস্তবায়নের জন্য

সরকার বদ্ধপরিকর। জুলাই সনদের প্রতিটি ধারা সাংবিধানিকভাবে বাস্তবায়ন করা হবে। তিনি বলেন, জুলাই যেমন আমাদের জীবনের বাঁক ঘুরিয়ে দিয়েছে, তেমনি ৫২, ৭১, ৮২ থেকে ৯০, ২০০৭ থেকে ২০২৪ পর্যন্ত গণতান্ত্রিক আন্দোলনে যারা খুন-গুম হয়েছেন, তাদের ত্যাগের স্বীকৃতির জন্য অক্ষরে অক্ষরে জুলাই সনদ বাস্তবায়নের পথে এগিয়ে যাবে বিএনপি। সোমবার (১৬ মার্চ) বিকেলে ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার কন্যাদহ গ্রামে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের খনন করা শিরিষকাঠ খাল পুনঃখননের উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন আইনমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## দুই ট্রান্সশিপমেন্ট বন্দরে আটকা বাংলাদেশের রপ্তানিপণ্য

ইরান যুদ্ধের প্রভাব পড়তে শুরু করেছে বাংলাদেশের রপ্তানি খাতে। বিশেষ করে, হরমুজ প্রণালি বন্ধ থাকায় যুদ্ধ শুরুর আগে পাঠানো প্রায় এক হাজারের মতো রপ্তানি পণ্যবাহী কনটেইনার আটকে আছে ট্রান্সশিপমেন্ট বন্দরগুলোতে। এতে বেশি বিপাকে পড়েছে ছোটো উদ্যোক্তারা। রপ্তানি পণ্য মধ্যপথে আটকে থাকায় বায়ারদের কাছে থেকে কাঙ্ক্ষিত বিল পাওয়া যাচ্ছে না। এতে ঈদ সামনে রেখে কারখানা ব্যয় মেটাতে হিমশিম খেতে হচ্ছে ছোটো রপ্তানিকারকদের। যুক্তরাষ্ট্র-ইসরায়েল যৌথভাবে ইরানের হামলার পর ইরানের পাল্টা হামলায় পুরো মধ্যপ্রাচ্য বর্তমানে যুদ্ধক্ষেত্রে পরিণত হয়েছে। হরমুজ প্রণালি বন্ধ থাকায় মধ্যপ্রাচ্যের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিশেষ করে, ট্রান্সশিপমেন্ট বন্দর কলম্বো ও সিঙ্গাপুর থেকে মধ্যপ্রাচ্যে কনটেইনার পরিবহণে বিপত্তি তৈরি হয়েছে। এতে মধ্যপ্রাচ্যে রপ্তানি হওয়া পণ্যভর্তি প্রায় ৮০০ থেকে এক হাজার কনটেইনার দুই ট্রান্সশিপমেন্ট বন্দরে আটকা পড়েছে। কখন এসব কনটেইনার গন্তব্যে যাবে, তা নিয়েও অনিশ্চয়তা তৈরি হয়েছে। এর মধ্যে বেশিরভাগ প্রক্রিয়াজাত খাদ্য, পেটফ্ল্যাক্স ও তৈরি পোশাক রয়েছে। মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে নিয়মিত কনটেইনার আসা-যাওয়া ব্যাহত হওয়ায় কলম্বো এবং সিঙ্গাপুর পোর্টে তৈরি হচ্ছে কনটেইনার ও জাহাজ জট। এসব বন্দর থেকে বাংলাদেশি ফিডার জাহাজগুলো পণ্য আনা-নেওয়া করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## আন্দোলনের মুখে সরিয়ে দেওয়া অধ্যাপক মাছুদ ১১ মাস পর ফের কুয়েট ভিসি

শিক্ষার্থীদের টানা আন্দোলন ও অনশনের মুখে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ মাছুদ ও উপ-উপাচার্য অধ্যাপক শেখ শরীফুল আলমকে সরিয়ে দিয়েছিল শিক্ষা মন্ত্রণালয়। বছর না পেরোতেই সেই অধ্যাপক ড. মাছুদকে ফের বিশ্ববিদ্যালয়টির উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়ার চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার কথা জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। সোমবার (১৬ মার্চ) বিকেলে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ে ব্রিফিংয়ে তিনি এ ঘোষণা দেন। জানা যায়, ২০২৫ সালের ১৮ ফেব্রুয়ারি কুয়েটে ছাত্ররাজনীতি বন্ধের দাবিকে কেন্দ্র করে সংঘর্ষের ঘটনায় শতাধিক আহত হন। পরদিন প্রশাসনিক ভবনসহ সব অ্যাকাডেমিক ভবনে তালা ঝুলিয়ে দেন শিক্ষার্থীরা। ওইদিন দুপুরে সিন্ডিকেট সভায় কুয়েটে সব ধরনের রাজনৈতিক কর্মকাণ্ড বন্ধ রাখার সিদ্ধান্ত হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## উত্তরায় মার্কেটে হামলা-লুটপাটের ঘটনায় মামলা, আসামি ৭০০

রাজধানীর উত্তরায় রিকশা চালককে মারধরের অভিযোগে ‘উত্তরা স্কয়ার’ শপিং কমপ্লেক্সে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনায় পুলিশ মামলা করেছে। এতে আসামি করা হয়েছে অজ্ঞাতপরিচয় ৭০০ জনকে। সোমবার (১৬ মার্চ) রাতে উত্তরা পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কাজী রফিক আহমেদ জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, উত্তরায় শপিং কমপ্লেক্স ঘেরাও করে ভাঙচুর, সড়ক অবরোধ ও পুলিশের ওপর হামলার ঘটনায় পুলিশ বাদী হয়ে মামলা করেছে। এতে অজ্ঞাতপরিচয় ৭০০ জনকে আসামি করা হয়েছে। সিসিটিভি ক্যামেরার ফুটেজ দেখে আসামিদের গ্রেফতারে অভিযান চলছে। ওসি জানান, ব্যবসায়ীদের পক্ষ থেকে আরেকটি মামলার প্রস্তুতি চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## রাজধানীতে লঞ্চ-বাস টার্মিনাল ও রেলস্টেশনে অভিযানে সাজা

রাজধানীর সদরঘাট লঞ্চ টার্মিনাল, সায়েদাবাদ বাস টার্মিনাল ও কমলাপুর রেলস্টেশনে পৃথক অভিযান পরিচালনা করে ১৬ জনকে বিভিন্ন মেয়াদে সাজা ও অর্থদণ্ড দিয়েছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ভ্রাম্যমাণ আদালত। সোমবার (১৬ মার্চ) সদরঘাট লঞ্চ টার্মিনাল, সায়েদাবাদ বাস টার্মিনাল ও কমলাপুর রেলস্টেশনে স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এই পৃথক অভিযান পরিচালনা করেন। ডিএমপির উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) মুহাম্মদ তালেবুর রহমান এসব তথ্য জানিয়েছেন। তিনি জানান, সদরঘাট লঞ্চ টার্মিনাল এলাকায় অভিযান পরিচালনা করে ১০০টির বেশি অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয় এবং দু-জনকে গ্রেফতার করা হয়। কমলাপুর রেলস্টেশনে অভিযান পরিচালনা করে ১৪ জনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারদের একজনকে তিন মাসের কারাদণ্ড, একজনকে ২০ দিনের ও ছয়জনকে ১৫ দিনের কারাদণ্ড এবং বাকি ছয়জনকে অব্যাহতি দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## ভারতে গ্রেফতারদের ফেরাতে সবরকম চেষ্টা চলছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি হত্যার ঘটনায় ভারতে গ্রেফতারদের ফেরাতে সরকার সব ধরনের চেষ্টা করছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। সোমবার (১৬ মার্চ) সন্ধ্যায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে

কয়েকজন সাংবাদিকের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান। প্রতিমন্ত্রী জানান, শরিফ ওসমান হাদি হত্যার ঘটনায় ভারতে গ্রেফতার প্রধান দুই সন্দেহভাজন আসামির সঙ্গে সাক্ষাতের আবেদন (কনস্যুলার অ্যাক্সেস) জানিয়েছে বাংলাদেশ। পাশাপাশি, হাদি হত্যা মামলার দুই আসামিকে অবৈধভাবে সীমান্ত পার করে দেওয়ার অভিযোগে গ্রেফতার ফিলিপ সাংমার জন্যও সাক্ষাতের আবেদন করা হয়েছে। তবে এখনো ভারত সরকার থেকে কনস্যুলার অ্যাক্সেস পাওয়া যায়নি বলে জানান তিনি। বলেন, এটি প্রক্রিয়াধীন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## মালদ্বীপ অগ্নিকাণ্ড; রবিন মোল্লার মরদেহ ঢাকায় পৌঁছাবে রাতে

মালদ্বীপে অগ্নিকাণ্ডে নিহত রবিন মোল্লার মরদেহ সোমবার (১৬ মার্চ) রাতে ঢাকায় পৌঁছাবে। আরও দুই প্রবাসী বাংলাদেশির মরদেহ দেশে পাঠানোর কাজ চলমান রয়েছে। মালদ্বীপের বাংলাদেশ হাইকমিশন জানিয়েছে, মালদ্বীপের দিঘুরা আইল্যান্ডে অগ্নিকাণ্ডে নিহত পাঁচ প্রবাসী বাংলাদেশির মধ্যে সদর আলী ও সফিকুল ইসলামের মরদেহ এর মধ্যে তাদের পরিবারের কাছে পাঠানো হয়েছে। রবিন মোল্লার মরদেহও সোমবার দেশে পৌঁছাবে। বাকি দু-জনের মরদেহ পাঠানোর প্রস্তুতি চলছে। গত বৃহস্পতিবার রাতে মালদ্বীপের রাজধানী মালে থেকে প্রায় ১০০ কিলোমিটার দূরে ডিগুরাহ দ্বীপের একটি গেস্ট হাউসে রান্নার গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। এতে পাঁচ প্রবাসী বাংলাদেশি নিহত হন এবং আরও দুইজন গুরুতরভাবে আহত হন। বিস্ফোরণের পর গেস্ট হাউস থেকে মোট সাতজনকে দগ্ধ অবস্থায় উদ্ধার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## মসজিদের সামনে যে-সব গরিব মানুষ বসে থাকে, তারা কি ফ্যামিলি কার্ড পেয়েছে?

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, আপনারা যারা ফ্যামিলি কার্ড দিচ্ছেন, আগে মসজিদগুলোর সামনে যাবেন, যে গরিব মানুষগুলা বসে থাকে, তারা কি ফ্যামিলি কার্ড পেয়েছে? তিনি বলেন, আমরা শুনতে পাচ্ছি, ফ্যামিলি কার্ডের নামে মানুষের কাছ থেকে ৫০০-৬০০ টাকা করে দুর্নীতির মাধ্যমে নিয়ে যাওয়া হচ্ছে এবং দুর্নীতির একটা মহোৎসব তারা শুরু করছে। সোমবার (১৬ মার্চ) রাজধানীর মিরপুরে দলের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত ইফতার মাহফিলে এসব কথা বলেন তিনি। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, আপনি পাঁচ হাজার টাকা আলেমদের দিলে হবে না। পাঁচ হাজার টাকা একজন পুরোহিতকে দিলে হবে না। বরং তার স্ট্রাকচারাল কাঠামো চেঞ্জ করতে হবে। আপনি একদিকে আলেমদের পেটাবেন ইন্ডিয়ান বাহিনী নিয়ে এসে, আরেকদিকে তাদের পাঁচ হাজার টাকা ধরিয়ে দেবেন। এটা আসলে নতুন বাংলাদেশ না। এ জন্য বেফাকুল মাদরাসা আরাবিয়া রয়েছে, তাদের একটা দীর্ঘদিনের কর্মসূচি রয়েছে। তাদের একটা সনদ বা স্বীকৃতি প্রয়োজন। আপনার পাঁচ হাজার টাকা তাদের দরকার নাই। আপনি তাদের স্বীকৃতি দেন। তিনি বলেন, আমরা বলেছিলাম, যখন ক্ষমতায় যাবো, আলেমদের স্বীকৃতি বাস্তবায়ন করবো। যদি তাদের স্বীকৃতি বাস্তবায়ন করতে হয়, তাহলে আপনার এই ভিক্ষার টাকা তাদের নিতে হবে না। তারা নিজেরাই ইনকাম করে ইনশাল্লাহ বাংলাদেশে বাস্তবায়ন করতে পারবে তাদের স্বপ্নগুলো। এজন্য আমরা বলবো, স্ট্রাকচারাল মৌলিক পরিবর্তন আনেন, তাহলে বাংলাদেশের মানুষ শান্তি পাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## সরকার সংস্কারের বিপক্ষে স্পষ্ট অবস্থান নিয়েছে : নাহিদ ইসলাম

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম অভিযোগ করে বলেছেন, সরকার পুরোনো পথে হাঁটতে শুরু করেছে। সংস্কারের বিপক্ষে স্পষ্ট অবস্থান নিয়েছে। সোমবার (১৬ মার্চ) এনসিপির ঢাকা মহানগর উত্তর শাখার উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভায় তিনি এ অভিযোগ করেন। রাজধানীর মিরপুরের ন্যাশনাল বাংলা উচ্চবিদ্যালয় মাঠে অনুষ্ঠানটি হয়। সংস্কার ও পরিবর্তনের জন্য এনসিপির লড়াই অব্যাহত থাকবে উল্লেখ করে নাহিদ ইসলাম বলেন, "আমরা সংস্কারের পক্ষে, বিচারের পক্ষে, দুর্নীতির বিরুদ্ধে। সরকার পুরোনো পথে হাঁটলে আমাদের নতুন দিগন্ত উন্মোচন করতে হবে। সংস্কার বাস্তবায়নের লড়াইয়ের জন্য সবাইকে প্রস্তুত থাকতে হবে।" অনুষ্ঠানে সভাপতিত্ব করে দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও ঢাকা মহানগর উত্তরের আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব। তিনি বলেন, পরিবর্তন ও জুলাই সনদ বাস্তবায়নের লড়াইয়ের জন্য ঢাকা মহানগর উত্তরের নেতা-কর্মীরা প্রস্তুত রয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## স্কুলে ভর্তিতে লটারি বাতিল করে শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ জারি

দেশের সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তির প্রক্রিয়া বাতিল করা হয়েছে। সোমবার (১৬ মার্চ) রাতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক উচ্চশিক্ষা বিভাগের এক আদেশ থেকে এ তথ্য জানা গেছে। আদেশে বলা হয়েছে, বর্তমানে সারাদেশে সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম পরিচালিত হচ্ছে। আগামী ২০২৭ শিক্ষাবর্ষ থেকে সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া বাতিলপূর্বক, অংশীজনদের মতামতের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম গ্রহণ করা হবে। এতে আরও বলা হয়েছে, এ অবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ২০২৫ সালের ১৩ নভেম্বর ও ১৯ নভেম্বর

তারিখের স্মারকে জারিকৃত সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা দুটি নির্দেশক্রমে বাতিল করা হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## ম্যানেজিং কমিটির সভাপতির যোগ্যতা স্নাতক পাশ, প্রজ্ঞাপন জারি

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটিতে সভাপতি হিসেবে নিয়োগ পেতে শিক্ষাগত যোগ্যতা স্নাতক পাশ হতে হবে। সোমবার (১৬ মার্চ) সন্ধ্যায় এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এতে বলা হয়েছে, গত ১০ মার্চ নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটি বা অ্যাডহক কমিটি গঠন বিষয়ে মতবিনিময় সভার সিদ্ধান্ত অনুযায়ী বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (৩১ আগস্ট ২০২৫ তারিখের সংশোধনী) এর ঢাকা শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৫(২) এবং অন্যান্য শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৪(২) প্রবিধি অনুযায়ী বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অ্যাডহক কমিটি গঠনের ক্ষেত্রে শিক্ষা বোর্ডসমূহকে নিচের নির্দেশনা প্রদান করা হলো।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## আওয়ামী লীগ নেতাদের গ্রেফতারে শ্যোন-অ্যারেস্টের আদেশ প্রত্যাহারে নোটিশ

কার্যক্রম নিষিদ্ধ ও ফ্যাসিস্ট সংগঠনের শক্তিশালী নেতা-কর্মীদের জামিনের পর অন্য মামলায় গ্রেফতার দেখাতে (শ্যোন-অ্যারেস্ট) হবে, রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহানের দেওয়া এমন নির্দেশনা প্রত্যাহার চেয়ে লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। সোমবার (১৬ মার্চ) এ নোটিশ পাঠান আইন ও সালিশ কেন্দ্রের পক্ষে আইনজীবী সৈয়দা নাসরিন এবং আইনজীবী মোহাম্মদ শাহীনুজ্জামান। নোটিশে সাতদিনের মধ্যে এ বিষয়ে ব্যবস্থা নিতে বলা হয়েছে। অন্যথায় হাইকোর্টে রিট করার কথা বলা হয়েছে। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন আইনজীবী শাহিনুজ্জামান নিজে। কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের কোনও নেতাকর্মী আদালত থেকে জামিন পেলে, তাদের পুনরায় অন্য মামলায় গ্রেফতার দেখানোর নির্দেশ দিয়েছেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## ভোটের ফল চ্যালেঞ্জ করে বিএনপি প্রার্থীর আবেদন হাইকোর্টে গ্রহণ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ময়মনসিংহ-৬ আসনের ভোটের ফল চ্যালেঞ্জ করে বিএনপি প্রার্থী মো. আখতারুল আলমের আবেদন শুনানির জন্য গ্রহণ করেছেন হাইকোর্ট। সেই সঙ্গে ব্যালট পেপার, বাক্স ও নির্বাচনি সামগ্রী হেফাজতে নিয়ে সংরক্ষণ করতে নির্বাচন কমিশনকে (ইসি) নির্দেশ দিয়েছেন। সোমবার (১৬ মার্চ) হাইকোর্টের বিচারপতি মোহাম্মদ আলীর একক বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আজ আখতারুলের পক্ষে ছিলেন আইনজীবী মো. শামীম দরজী। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মুহাম্মদ শফিকুর রহমান। হাইকোর্ট আবেদনটি শুনানির জন্য গ্রহণ করেছেন জানিয়ে শফিকুর রহমান বলেন, এ-সংক্রান্ত আরও শুনানির জন্য আগামী ২২ জুন দিন নির্ধারণ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর পিএস পরিচয়ে প্রতারণা, আব্দুস সালাম কারাগারে

প্রধানমন্ত্রীর কার্যালয়ে 'পার্সোনাল সেক্রেটারি' (পিএস) হিসেবে কর্মরত পরিচয় দিয়ে প্রতারণার অভিযোগে গ্রেফতার মো. আব্দুস সালামকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। একইসঙ্গে তার বিরুদ্ধে করা মামলায় রিমান্ড শুনানির জন্য আগামী ২৪ মার্চ দিন ধার্য করা হয়েছে। সোমবার (১৬ মার্চ) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমানের আদালত শুনানি শেষে এ আদেশ দেন। ঢাকা মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক (এসআই) রফিকুল ইসলাম রাসেল বিষয়টি নিশ্চিত করেছেন। আজ মামলার তদন্ত কর্মকর্তা শের-ই-বাংলা নগর থানার এসআই মো. বুলবুল আহমেদ আসামিকে আদালতে হাজির করে পাঁচদিনের রিমান্ড আবেদন করেন। অন্যদিকে, আসামিপক্ষের আইনজীবীরা তার জামিনের আবেদন জানান। শুনানি শেষে আদালত জামিন আবেদন নামঞ্জুর করে রিমান্ড শুনানির জন্য দিন ধার্য করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৩.২০২৬ রিহাব)

# BBC

## QATAR REPORTS SECOND WAVE OF MISSILE ATTACKS FROM IRAN

Qatar says it has intercepted a second wave of missiles from Iran following an attack earlier this afternoon. The BBC's chief presenter, Maryam Moshiri, earlier reported hearing four explosions following the launch of Qatari air defences following this first attack. Qatar's Ministry of Defence says the second wave has been intercepted "successfully".
(BBC News Web Page: 16/03/26, FARUK)

## TRUMP THINK UK SHOULD'VE 'STEPPED UP SOONER': PRESS SECRETARY

Press Secretary Karolina Leavitt, who spoke to reporters for a few minutes outside the West Wing earlier this morning. In her remarks, Leavitt again called on US allies to do more to ensure the safety of shipping through the Strait of Hormuz. "These other countries are benefitting greatly from the United States military taking out the threat of Iran," she said.

"The president is absolutely right to call on these countries to do more." Additionally, Leavitt was also asked about relations with the UK, responding that Trump believes the UK should have "stepped up sooner". "He continues to speak with our allies in Europe and is calling on them to do more, just as he did when he called on them to step up with regards to their defence spending in Nato," she added. (BBC News Web Page: 16/03/26, FARUK)

**TWO INDIAN SHIPS PASSED STRAIT OF HORMUZ WITHOUT BROADCASTING POSITIONS**

Two Indian-registered liquefied petroleum gas carriers - Nanda Devi and Shivalik - crossed the Strait of Hormuz on Saturday and are approaching port in India's Gujarat state, according to vessel-tracking website Marine Traffic. Tracking data shows both Nanda Devi and Shivalik were loaded at the Ras Laffan port in Qatar and crossed the Strait with their AIS signals switched off (indicated by the dotted line estimating their path). AIS is what ships broadcast to show their position and can be tracked online. India's foreign minister told the Financial Times there is no "blanket arrangement" to let all Indian vessels pass through the strait but the government is in talks with its Iranian counterparts.
(BBC News Web Page: 16/03/26, FARUK)

**QATAR'S FOREIGN MINISTER SAYS DIPLOMACY ONLY POSSIBLE IF IRAN'S ATTACKS END**

The committee al-Ansari referred to was proposed by Iran's foreign minister Abbas Araghchi at the weekend to investigate attacks on civilian infrastructure in Gulf states, which Iran has denied targeting. Al-Ansari flatly rejects that. Since the war started "the threats and attacks on civilian targets have not stopped," he says, nothing that a missile intercepted on Saturday was aimed towards a residential neighbourhood in Doha. The decision to issue evacuation orders at the time was partly due to warnings in Iranian media that "specific companies and specific geographics" would be attacked in residential and commercial areas, he says. Al-Ansari says Qatar is working to try and deescalate the crisis but he is not aware of any official mediation between the US and Iran right now.
(BBC News Web Page: 16/03/26, FARUK)

**GERMAN FOREIGN MINISTER DOES NOT SEE ROLE FOR NATO IN STRAIT OF HORMUZ**

The German Foreign Minister Johann Wadephul says he doesn't see a role for Nato in dealing with the blockade of the Straits of Hormuz. "I don't see that Nato has made any decision in this direction or could assume responsibility for the Strait of Hormuz. If that were the case, then the Nato bodies would address it accordingly," he says. He has been speaking ahead of a meeting of EU foreign ministers in Brussels. Wadephul says despite the volatile situation in the Middle East, Ukraine remained Europe's top security priority. When the prices for oil and gas rise, he says, it contributes to Russia's war chest. He says that easing sanctions is the wrong path. (BBC News Web Page: 16/03/26, FARUK)

**NATO SAYS ALLIES ARE TALKING WITH THE US ABOUT STRAIT OF HORMUZ**

A Nato official says "allies have already stepped up to provide additional security in the Mediterranean". It follows comments from US President Donald Trump, who has said he is talking to "about seven" countries about "policing" the Strait of Hormuz - a crucial waterway for oil shipments. Now, a Nato official says: "We are aware that individual allies are talking with the US and others on what more they might do, including in the context of security in the Strait of Hormuz". (BBC News Web Page: 16/03/26, FARUK)

**IRAN HITS UAE OIL PORT AND DUBAI AIRPORT**

The United Arab Emirates (UAE) biggest port and oil storage facility, Fujairah, and Dubai's international airport have come under further drone attacks as Iran continues to target Gulf transport and oil infrastructure. Flights were temporarily suspended on Monday after a fire broke out near the airport after a "drone-related incident". A fire also raged after a drone attack on the strategically important port and industrial zone at Fujairah, one of the largest oil storage facilities in the region. Iran has launched over 1,900 missiles and drones at the UAE since the war between the US and Israel, and Iran, began.
(BBC News Web Page: 16/03/26, FARUK)

**IRAN TAKING STEPS TO PREVENT ANTI-ESTABLISHMENT PROTESTS: RESIDENTS**

Iran is taking steps to prevent anti-eastablishment protests, with checkpoints appearing across the streets of the capital, internet access restricted, and mass text warnings sent to

residents. In Tehran, people have been telling the BBC about new security checkpoints around the city, where they say residents are stopped and searched. They have told BBC Persian that some checkpoints are positioned under footbridges and inside road tunnels, after reports that several checkpoints in the middle of roads had been targeted by drone strikes. A number of Iranian security personnel were killed in Israeli strikes on four checkpoints across Tehran, the hardline Fars News Agency reported on 11 March.
(BBC News Web Page: 16/03/26, FARUK)

**ECUADOR DEPLOYS 75,000 SOLDIERS AND POLICE TO COMBAT DRUG GANGS**

The Ecuadorian government has deployed more than 75,000 police officers and soldiers to four of the country's most violence-wracked provinces, the Interior minister says. The authorities have also declared a night-time curfew in these areas as part of a "new phase" in their "war" on criminal gangs. Since coming to office in November 2023, President Daniel Noboa has tried to quell drug-related violence but nevertheless Ecuador registered a record murder rate in 2025. Noboa has also joined a US-led alliance of 17 countries aimed at fighting criminal cartels in the Western Hemisphere.
(BBC News Web Page: 16/03/26, FARUK)

**TEN KILLED IN FIRE AT INDIA HOSPITAL INTENSIVE CARE UNIT**

Ten people have been killed after a fire broke out in the trauma centre of a government hospital in the eastern Indian state of Odisha. All the victims were patients, while 11 hospital staff are being treated for burns suffered while trying to rescue patients, state Chief Minister Mohan Charan Majhi said. The fire - suspected to have been caused by an electrical short circuit - started in the trauma care ICU of SCB Medical College and Hospital in Cuttack city around 02:00 local time on Monday. Hospital fires are often reported in India, with many blamed on electrical faults. Last October, six critically ill patients were killed in an ICU fire in Rajasthan state. (BBC News Web Page: 16/03/26, FARUK)

## :: THE END ::